টেট স্পেশাল ১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 45 ■ 12th November 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

"বনগাঁ, বসিরহাট ও মধ্যমগ্রামে"
স্কুল সার্ভিস ও প্রাইমারীতে সফল হতে —
* সপ্তাহে 8-16 ঘণ্টা ক্লাস।
* সপ্তাহে দুটি মকটেস্ট।
* নিজস্ব বই ও ম্যাগাজিন।
সাকসেস সেন্টার
• বসিরহাট : 9932326566
• বনগাঁ : 8337000600
• মধ্যমগ্রাম : 8337000900

## রাজ্য সরকারে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার

### ৬ বছর পর বিজ্ঞপ্তি বেরোল

ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ছেলেমেয়ের

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দফতরে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ মেকানিক্যাল /ইলেক্ট্রিক্যাল)' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। শেষবার এই পদে বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৭ সালে। প্রায় ৬ বছর পর রাজ্য সরকার এই পদে লোক নিচ্ছে। তাই শূন্যপদের সংখ্যাও অনেক বেশি হবে। পলিটেকনিক ☞ এরপর ৭ পাতায়

সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
WBCS SSC-CGL
PSC Primary-TET
PSC-JE (EE, ME, CE)
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

## বায়ুসেনায় অগ্নিবীরবায়ু

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় বায়ুসেনা 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীরবায়ু' পদে কয়েক হাজার জন ছেলেমেয়ে নিচ্ছে। এই পদের ব্যাচ নম্বর : 01/ 2023. কারা কারা আবেদনের যোগ্য :

সায়েন্স শাখার জন্য : অঙ্ক, ফিজিক্স ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর থাকতে হবে।

☞ এরপর ৯ পাতায়

NCTE / WBUTTEPA
প্রাইমারি ও স্কুলে চাকরির জন্য affiliated কলেজ থেকে
B.ED / D.EL.ED
2022-24 Session-এ পশ্চিমবঙ্গ থেকে ভর্তি হওয়ার শেষ সুযোগ। যোগাযোগ ঃ
AIES website : www.aies.in
9733777197 / 7031558361
8013577182 / 7679383939

## আই.টি.বি.পি'তে ২৮৭ ট্রেডসম্যান

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'কনস্টেবল (টেলর)', 'কনস্টেবল (গার্ডেনার)',

☞ এরপর ৮ পাতায়

## প্রাইমারি 'টেট'এ প্রার্থী ৭ লাখ ৬০% নম্বর পেলেই সফল

রঞ্জিৎ ঘোষ : প্রাইমারি 'টেট'এ এবার দরখাস্ত করেছেন ৬ লাখ ৯০ হাজার পরীক্ষার্থী। প্রাথমিক শিক্ষা পর্ষদের উপসচিব পার্থ কর্মকার জানান, এন.সি.টি.ই.'র নিয়ম মেনেই এবার প্রাথমিক 'টেট' হবে, ১১ ডিসেম্বর। এবার বি.এড. ও বি.পি.এড. প্রার্থীরা পরীক্ষা দেওয়ার সুযোগ পাওয়াতে প্রার্থীর

☞ এরপর ৮ পাতায়

| প্রাইমারি 'টেট'এ কোন বছর কত দরখাস্ত জমা পড়েছিল |
|---|
| ২০২২ সালে - ৬,৯০,০০০ |
| ২০১৭ সালে - ২,৪৫,০০০ |
| ২০১৪ সালে - ২০,৫০,০০০ |
| ২০১২ সালে - ২০,৯০,৩৪১ |

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭১০ অফিসার

নিজস্ব সংবাদদাতা : সারা ভারতের ৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে 'স্পেশালিস্ট অফিসার' পদে ৭১০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে এইসব শাখায় : আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, ল' অফিসার, মার্কেটিং অফিসার, এইচ.আর. /পার্সোনেল অফিসার। লোক নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'Recruitment of Specialist Officers in Participating Banks (CRP SPL-XII) পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে ওই ৩টি ব্যাঙ্কেরই ওই পদে শুধুমাত্র ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের পরীক্ষা ☞ এরপর ২ পাতায়

কনস্টেবল (GD) : নিশ্চিত সাফল্যের জন্য
ICS Defence Academy
পাঁজির মোড়, চাকদহ, নদিয়া
786-400-2150
97348-65456



BSF * CRPF
CISF * ITBP
SSB * Assam Rifles
রাজ্যের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান যেখানে প্রতি পরীক্ষায় প্রশ্ন কমন পড়ে 95%
ভর্তি চলছে
কোর্স-ফি ঃ 5000 টাকা
থাকা- খাওয়া আলাদা
ব্যাচ শুরু হচ্ছে 16 নভেম্বর
ফোন করুন ঃ সকাল 10 টা থেকে বিকেল 4.30 পর্যন্ত

## কোর্টে ৩,০৫১ গ্রুপ 'ডি, স্টেনো, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা : এলাহবাদ হাই কোর্ট 'গ্রুপ-ডি' পদে ১,৬৯৯টি, 'ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-।।।' পদে ৩০৫টি, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ৮১৯টি আর পেইড অ্যাপ্রেন্টিস পদে ২০২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

'গ্রুপ-ডি' পদে নেওয়া হবে এইসব ক্যাটেগরিতে :

টিউবওয়েল অপারেটর কাম ইলেক্ট্রিশিয়ান : ক্লাস এইট পাশরা

☞ এরপর ৯ পাতায়

টেট-এর কোচিং ফ্রি !!
নতুন সিলেবাস ধরে অভিজ্ঞ ফ্যাকাল্টিদের তৈরি করা মডেল প্রশ্নোত্তর (সম্পূর্ণ ব্যাখ্যা সহ) পেতে আজই যোগাযোগ করুন এই নম্বরে :
9830624170

## ডি.আর.ডি.ও'তে ১০১ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন ডিফেন্স ইলেক্ট্রনিক্স অ্যান্ড

☞ এরপর ৩ পাতায়

## ২৩৯ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা : ইউরেনিয়াম কর্পোরেশন অফ ইন্ডিয়া 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৩৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান,

☞ এরপর ১৫ পাতায়

২৭.১০.২০২২ পর্ষদের পুরো গাইড লাইন অনুযায়ী
প্রাইমারী শেষ মিনিটের প্রস্তুতি
3000+ MCQ
20 সেট প্রশ্নোত্তর
পর্ষদের সমস্ত বিষয়ের মডেল প্রশ্নের সমাধান
ভারতীয় সংবিধান ও রাজনীতি
সর্বভারতীয় সমস্ত পরীক্ষার বিগত ২০ বছরের অধ্যায়ভিত্তিক ব্যাখ্যাসহ সমাধান ও Mock Test
6000+ MCQ
EPH EDVICON® PUBLISHING HOUSE
9/4 Tamer Lake, Kolkata - 700 009 E.mail: edviconpublishing@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart

ICS
পাঁজির মোড় চাকদহ, নদিয়া
(আর কোন শাখা-প্রশাখা নেই)
786-400-2150 / 97348-65456
IBPS * RAIL * SBI * SSC-CGL
SSC-CHSL * IB
COURT * PSC
& other exams.
কম্বাইন্ড ব্যাচে ভর্তি চলছে

## রাজ্য বিদ্যুৎ সংস্থায় চাকরির জন্য পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সম্প্রসারণ কোম্পানি লিমিটেড (WBSETCL)-এ এবার থেকে চাকরির জন্য পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। এতদিন পর্যন্ত রাজ্য বিদ্যুৎ সংস্থায় পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরাও যোগ্য ছিলেন। গত কয়েক বছরে দেখা গেছে বিদ্যুৎ সংস্থায় ইঞ্জিনিয়ার পদে ৮০% শূন্যপদ পূরণ হয়েছে বাইরের রাজ্য থেকে। এই নিয়ে অনেক আন্দোলনও হয়েছে। অবশেষে পশ্চিমবঙ্গের

☞ এরপর ৪ পাতায়

ভেতরের পাতায় :
প্রাইমারি টিচার পদের 'টেট'এর সম্ভাব্য ১৫০ প্রশ্নোত্তর

প্রাইমারী টেট
With Mock Test 7000+ MCQ
সম্পূর্ণ সিলেবাস অনুযায়ী অধ্যায় ভিত্তিক বিস্তারিত আলোচনা
প্রাইমারী টেট প্র্যাকটিস সেট
শিশু মনস্তত্ত্ব ও শিশু বিকাশ
কলকাতা পুলিশ কনস্টেবল
31 সাজেস্টিভ প্র্যাকটিস সেট ও Mock Test
তপতী® পাবলিশার্স
Our Books Now Available on Amazon and Flipkart

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জাফির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬৮ ৮২৩০
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

Distance/Regular Admission going on : B.A, M.A (All subject), B.Ed, M.B.A, B.C.A, B.B.A. Bright Futrue. 8373010007, 9932233506.

**(BICS)**
Bengal Institute of Civil Service
এখানে অফিসাররা WBCS এর জন্য কোচিং দিচ্ছেন। WBCS (Preli+Main) Total Syllabus, 1 Year Course, All Subjects, Fees ₹ 1500, Monthly. Optional রয়েছে Anthropology, Mathematics M: 7047527771 (Wtsp) বোলপুর / বর্ধমান / Online

## স্কুল-কলেজ-শিক্ষা

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K. of all Competitive Exam, WBCS & TET M-9830989770

**প্যারামেডিকেল ও নার্সিং**
CMS&ED (অ্যালোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A, বাসস্ট্যান্ডের বিপরীতে, 7439213900 / 8272911322

**ব্যাঙ্কে চাকরি মানেই IIBS**
আজও সুনামের শীর্ষে
IBPS ও SBI এ পরীক্ষা দিয়ে কম সময়ের মধ্যে ব্যাঙ্কে নিশ্চিত চাকরি পেতে এই ব্যাঙ্কিং ইনস্টিটিউটের গ্যারান্টি কোর্সে ভর্তির জন্য এখনই আবেদন করুন।
**Indian Institute of Banking & Services**
(Since 1987), Ballygunge
98317-89536, www.iibskolkata.in

## স্কুল-কলেজ-শিক্ষা

**সরকার স্বীকৃত কোর্সে ভর্তি**
1. Advance GDA - ICCU (Nursing) 2. Phlebotomist (Blood Collector)- 6 months Affiliated to NSDC, Govt. of India. Diploma Courses – 1. DMLT (Pathology) 2. X-Ray with C.T. 3. OT Technician, Affiliated to Indian Medical Association HQ - New Delhi Recg. by Health & Family Welfare Govt. of NCT New Delhi. Physiotherapy (DPT) under MAKAUT. SSMT, 24 G.C. Bose Rd. Kol-14, Near Entally, M : 9231520480

মাধ্যমিক • উচ্চমাধ্যমিক
BA • MA • B.Sc. M.Sc. • B.Com. • M.Com. লাইব্রেরী সায়েন্স • B.Ed. D.El.Ed. • M.Ed. • B.P.Ed. M.P.Ed. • LLB • LLM
**HALDAR GROUP**
6294181779

## কর্মখালি

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান 87 জন M/F নিয়োগ। বেতন: 27,300/—64,700/-. PF, ESI, ছুটি। 9434565153

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-1166 উঃবঙ্গ ও দঃবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে M/F কর্মী চাই। (৮ম/স্নাতক)। বেতন : (17000–41000) PF, ESI, বোনাস-সহ, থাকা-খাওয়া ফ্রি। 9474377412

**সেবা-রহড়া (ক্ষুদ্রঋণ সংস্থা)**
কলি ও রায়গঞ্জে লোক চাই নিজ বাইক কর্মস্থলে থাকা 20–35 yr Min-H.S, Salary-11,000 + Fuel, ESI, PF, Gratuity ও বীমা। Biodata পাঠান Whatsapp : 6291662170/ sebahr2006@gmail.com

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100.

**জাহাজে স্থায়ী জব**
আন্দামান হইতে বম্বে জাহাজে 45 জন 8ম/স্নাতক কর্মী চাই। বেতন: 25,700/—67,300/-. PF, ESI, সরকারি সুবিধা আছে। সত্বর যোগাযোগ M : 8902602797

**স্পট জয়েনিং**
বিনা ডোনেশনে বিভিন্ন কোম্পানি ও শপিং মলে প্রচুর M/F চাই। বেতন- 9,500-26,500. 9461659163

## কর্মখালি

**ফোন করলেই লিখিত চাকরি**
ব্যাঙ্ক DSAতে 7 দিনে স্পট জয়েনিং M/F নিয়োগ চলছে। ৮ম-স্নাতক। বেতন : (11600/- –92,300/-) P.F., ESI, বিস্তারিত জানতে ফোন Ex-আর্মিরা স্বাগত, 9631790985

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/- – 42,400/- . শীঘ্র যোগাযোগ-M : 9434564954

**হোটেলে স্থায়ী চাকরি**
কেন্দ্র ও রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কম সময়ে, কম খরচের কোর্স করে লিখিত গ্যারান্টি-সহ দেশ-বিদেশে চাকরি। ট্রেনিংয়েই আয় 9000/- সঙ্গে থাকা+খাওয়া+ ক্রমোন্নতি। গড়িয়া- 9231680651 (bshm.co.in)

**এয়ারপোর্ট-এ কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব**
পঃ বাংলার বিভিন্ন জেলার M/F দের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। বয়স থেকে 58 বছর পর্যন্ত এগ্রিমেন্ট করে জয়েনিং করানো হবে। Age : 18–41, Salary : 14,300–24,500. ৮ম-স্নাতক, থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য সুবিধা। 7365970111

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No-WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/–29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 8670290888

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-– 42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
L/C No. KOL–56WB, পঃবাংলার 23টি জেলার বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,670-51,820, 3 মাস 13 দিন কাজ করার পর 27 দিনের ছুটি with Salary সহ। Age : 18-44, ৮ম-স্নাতক, থাকা খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। Help : 7384380111

## কর্মখালি

চাকরির সুযোগ। পুরোনো Co.-তে 42 M/F স্থায়ী পদ। মাধ্যমিক+, অনুর্ধ্ব 30. আয় : 10000–18000, থাকা ফ্রি। (M) : 7003607387

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport ও Bank-এ M/F, অষ্টম-স্নাতক 5 দিনে জয়েনিং। বেতন : 22,000–47,000. থাকা-খাওয়া ফ্রি। M : 8902427408

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক M/F দের স্থায়ী জব। যোগ্যতা : M.P-স্নাতক। বেতন : 18,500–35,500। Ex-আর্মিদের বিশেষ সুযোগ। Mob : 8334801780

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

*Direct Admission, Last Chance*
**GNM** : MALE 3L, FEMALE 2.5 L } WBNC North Bengal
B.Pharm@4L (Bangalore)
D.Pharm@1.5L (Bangalore)
B.Ed.@Andhra & Karnataka
KAFE EDUCATION FOUNDATION
Ph: 8017250976, 8240565056

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭১০ অফিসার

১ পাতার পর

দিয়ে চাকরির সুযোগ পেতে পারবেন। এই পদ্ধতিতে নিয়োগ হবে এই ৬টি ব্যাঙ্কে : (১) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (২) কানাড়া ব্যাঙ্ক, (৩) ইউকো ব্যাঙ্ক। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.টি. অফিসার (স্কেল-I) :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'ডোয়েক' থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 01. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৪৪টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)।

**অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার (স্কেল-I) :** অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, অ্যাগ্রি. ইঞ্জিনিয়ারিং, ফিশারি সায়েন্স, পিসিকালচার বা, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং বা, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, সেরিকালচার, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 02. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১০০টি (জেনাঃ ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৪১৬টি (জেনাঃ ১৬৫, তঃজাঃ ৬৯, তঃউঃজাঃ ৩১, ও.বি.সি. ১১৪, ই.ডব্লু.এস. ৩৭)।

**ল অফিসার (স্কেল-I):** আইনের ডিগ্রি (এলএল.বি.) কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 04. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ব্যাঙ্ক অফ বরোদায় ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**এইচ. আর. / পার্সোনেল অফিসার (স্কেল-I) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, এইচ.আর. / এইচ.আর.ডি., সোশ্যাল ওয়ার্ক, লেবার ল'র পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 05. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**মার্কেটিং অফিসার (স্কেল-I):** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (মার্কেটিং) কিংবা স্পেশালাইজেশন হিসাবে মার্কেটিং বিষয় নিয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, পি.জি.পি.এম., পি.জি.ডি.এম. কোর্স পাশ হলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 06. ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১০০টি (জেনাঃ ৪০, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৮, ই.ডব্লু.এস. ৯)।

বয়স হতে হবে ২১-১১-২০২২'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় ভিত্তিতে প্রিলিমিনারি পরীক্ষা হবে ২৪ ও ৩১ ডিসেম্বর। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর। সিকিমের গ্যাংটক, ত্রিপুরার আগরতলা, ওড়িশার বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। ঝাড়খণ্ডের বোকারো, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচী। বিহারের ভাগলপুর, দ্বারভাঙ্গা, মজঃফরপুর, পাটনা, পূর্ণিয়া। অসমের গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ডিব্রুগড়।

আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচারাল ফিল্ড অফিসার, এইচ. আর. / পার্সোনেল অফিসার ও মার্কেটিং অফিসার স্কেল-I পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ল'অফিসার পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) জেনারেল অ্যাওয়ারনেস (স্পেশাল রেফারেন্স ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি)- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয় ছাড়া অন্যান্য সব পেপারের বেলায় প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য কল লেটার ডাউনলোড করার সময় ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন কিংবা ইনফর্মেশন হ্যান্ডআউট থেকে জানতে পারবেন। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের উত্তরে একাধিক জায়গায় টিক মারলে সেই প্রশ্নটি ভুল হিসাবে ধরা হবে ও টিক মারা উত্তরের মধ্যে কোনোটি ঠিক মনে হলে পেনাল্টি হিসাবে প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। তবে কোনো প্রশ্নের উত্তর না করলে কোনো পেনাল্টি কাটা হবে না। লিখিত পরীক্ষায় প্রতিটি পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষার 'কল লেটার' ডাকে পাঠানো হবে না। শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে কল লেটার ও ইনফর্মেশন হ্যান্ডআউট ডাউনলোড করতে পারবেন ডিসেম্বরে। পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট/ এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পাটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলাম পূরণ করবেন।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে জানুয়ারিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন জানুয়ারিতে। মেন পরীক্ষা হবে ২৯ জানুয়ারি। ফল বেরোবে ফেব্রুয়ারিতে। ১০০ নম্বরের ইন্টারভিউ হবে ফেব্রুয়ারিতে। কল লেটার ডাউনলোড করতে পারবেন ফেব্রুয়ারিতে। ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। এরপর সফলদের নাম অ্যালটমেন্ট করা হবে এপ্রিলে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আইডি.। (২) পাসপোর্ট মাপের ফটো, নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করা থাকতে হবে। এছাড়াও নিচের এই ডিক্লারেশনটি সাদা কাগজে নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন 'I ... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Common Written Examination'এ ক্লিক করলে পুরো বিজ্ঞাপনটি পাবেন। তাতে Click here to apply online for CWE-Specialist officer (CRP-SPL-XII)'এ ক্লিক করলে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম দেখতে পাবেন। ওই ফর্মের যাবতীয় কলম ঠিকভাবে পূরণ করবেন, স্ক্যান করা ফটো ও সই আপলোড করবেন (ফটো ও সই সি.ডি. করে কিংবা পেন ড্রাইভে নিয়ে যাবেন)। এবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা দেবেন শুধুমাত্র অনলাইনে মাস্টার / ভিসা ডেবিট বা, ক্রেডিট কার্ডে কিম্বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইন ট্রানজাকশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন। তখন ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। টাকা জমা দিতে পারবেন ২১নভেম্বরের মধ্যে। নাম রেজিস্ট্রেশন হওয়ার পর ই-মেল বা, মোবাইলে এস.এম.এস. মারফত রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন।

## ডি.আর.ডি.ও'তে

১ পাতার পর

ডেভেলপমেন্ট অর্গানাইজেশন ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) হিসাবে ১০১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই.) নেওয়া হবে এইসব ট্রেডে :** মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সি.ও.পি.এ., ইলেক্ট্রনিক মেকানিক, ফিটার, মেশিনিস্ট, টার্নার, কার্পেন্টার, শীট মেটাল, ওয়েল্ডার, ইলেক্ট্রোপ্লেটিং, প্লাস্টিক প্রসেসিং, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ড্রাফটসম্যান (সিভিল), সেক্রেটারিয়েল ট্রেনিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ডিজেল মেকানিক, ফায়ারম্যান, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক, বুক বাইন্ডিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৭,০০০-৮,০৫০ টাকা। শূন্যপদ : সি.ও.পি.এ.-৪৭টি, ইলেক্ট্রনিক মেকানিক.-১৪টি, ফিটার-৫টি, মেশিনিস্ট-১টি, টার্নার-১টি, কার্পেন্টার-২টি, শীট মেটাল-২টি, ওয়েল্ডার-১টি, ইলেক্ট্রোপ্লেটিং-১টি, প্লাস্টিক প্রসেসিং-১টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)-২টি, ড্রাফটসম্যান (সিভিল)-১টি, সেক্রেটারিয়েল ট্রেনিং অ্যান্ড ম্যানেজমেন্ট-১০টি, ডিজেল মেকানিক-২টি, ফায়ারম্যান-৪টি, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক-৩টি, বুক বাইন্ডিং-২টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) ট্রেনি :** এ.এন.এম. কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড ওপরের মতো। শূন্যপদ : ২টি।

ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিং। ২০১৯, ২০২০, ২০২১ সালে সফল হয়ে থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : Apprentice-2022/02.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে /লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।


এরপর ডি.আর.ডি.ও.-তে দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://rac.gov.in আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## নিখরচায় এনএসআইসি-তে চাকরিমুখী ট্রেনিং

কেন্দ্রীয় সরকারের ছোটো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পমন্ত্রকের অধীন 'ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড' নিখরচায় তপশিলি জাতি/উপজাতি ও অন্যান্য সম্প্রদায়ের প্রার্থীদের 'অ্যাসিস্ট্যান্ট টু ট্রেনিং ইন্সটিটিউশন' প্রকল্পে নীচের ৬টি ট্রেডে ট্রেনিং দিচ্ছে। আগে আসার ভিত্তিতে সুযোগ। এই ৬টি ট্রেড হল — (১) সার্টিফিকেট কোর্স ইন ওয়েব ডিজাইনিং। কম্পিউটারে বেসিক জ্ঞান থাকলেই আবেদন করতে পারেন। মেয়াদ- ৮০ ঘণ্টা। (২) মেশিনিং টেকনিশিয়ান/সিএনসি অপারেটর। আইটিআই (মেকানিক্যাল/মেশিন টেকনোলজি) পাশরা আবেদন করতে পারেন। মেয়াদ ১৫০ ঘণ্টা। (৩) সোলার পাওয়ার ইনস্টলেশন অ্যান্ড মেন্টেন্যান্স। যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা পাশ বা ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। মেয়াদ ৮০ ঘণ্টা। (৪) অ্যাডভান্সড ইন্টিগ্রেটেড অঁত্রেপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (পেট বোতল, টয়লেট পেপার, সোয়া মিল্ক, টেলারিং ইত্যাদি)। শিক্ষাগত যোগ্যতার কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর। মেয়াদ ১৮০ ঘণ্টা। (৫) ডিজিটাল মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা আইটিআই পাশ বা কম্পিউটারে বেসিক নলেজ থাকলে আবেদন করতে পারেন। মেয়াদ ১৪৪ ঘণ্টা। (৬) সার্টিফিকেট ইন অ্যাডভান্সড অ্যাকাউন্টিং ইন ট্যালি ইআরপি। এইচএস-সিআইটি বা বেসিক কম্পিউটার বা উচ্চমাধ্যমিক পাশ ও সেই সঙ্গে ট্যালিতে বেসিক কোর্স পাশ (অন্তত ১০০ ঘণ্টার) হলে আবেদন করতে পারেন। মেয়াদ- ১২০ ঘণ্টা। সবকটি কোর্সের ক্ষেত্রে সীট ২০টি। আবেদনের শেষ তারিখ ১১ নভেম্বর ও ক্লাস শুরু ১৪ নভেম্বর থেকে। আবেদনের জন্য পূরণ করা দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে যাবতীয় যোগ্যতার স্বপ্রত্যয়িত কপি (আধার কার্ড, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্যানকার্ড, কাস্ট সার্টিফিকেট ও সেইসঙ্গে দিতে হবে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট মাপের ফটো)। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — Japanigate, Baltikuri, Howrah- 711 113, West Bengal. ফোন : ৯৬৭৯২৪৪৮৪৪, ৭৯৮৩৯৮৫৩১৪, ৮৭৭৭৮২৮৪২১।


**Employment Notice**

Application are invited for two Asst. Professor in Physical Sc. & Math. (Qualifcation : PG, MEd., NET/SET/Ph.D) & one computer operator with networking knowledge for B.Ed Course of Lokenath B.Ed College, 24 pgs (N), apply within 7 days, send your application with CV to helpdesklokenath@gmail.com






Maulana Abul Kalam Azad UNIVERSITY OF TECHNOLOGY স্বীকৃত

**স্বাস্থ্যসেবা টেকনিশিয়ান কর্মমুখী ডিপ্লোমা কোর্স**

- ★ Physiotherapy Technology ★ Eye (Vision) Technician
- ★ Healthcare Technology & Management
- ★ Fashion Technology Management ★ Animal Husbandary
- ★ Naturopathy, Yoga & Wellness Management

10+2 ● OPD / Practical ● Employable Support ● Installment Payment

**PRANAVANANDA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY**

Bharat Sevasram Sangha www.pimtonline.in

CONTACT Kolkata ■ Bankura-Khatra ■ Kalyani ■ Bongaon

9331256934, 9830216056, 9477846520, 9133-35909956


## অনুষ্ঠিত হল জিএসসিই শিয়ালদহ কেন্দ্রের সমাবর্তন ২০২২



কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী কমিউনিটি হলে ৬ নভেম্বর অনুষ্ঠিত হল **জিএসসিই শিয়ালদহ কেন্দ্রের ২০২২ সালের সমাবর্তন উৎসব**। জিএসসিই-তে পড়াশোনা করে ডব্লুবিসিএস, সিজিএল, রেল, ব্যাঙ্ক, পিএসসি প্রভৃতি পরীক্ষায় সাফল্য পাওয়া দুই শতাধিক ছাত্রছাত্রীকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছিল। জিএসসিই-র আধিকারিকবৃন্দ– শ্রী অভিজিৎ কুণ্ডু, শ্রী অয়ন সরকার ও শ্রী হরনাথ দাস-এর হাত থেকে বহু অভিভাবক ও বর্তমানে পাঠরত ছাত্রছাত্রীদের সামনে সফল ছাত্রছাত্রীরা স্মারক গ্রহণ করে ও নিজ নিজ সাফল্যের কাহিনী তুলে ধরে।


কেন্দ্রে ১০ লাখ শূন্যপদ, বয়স ও যোগ্যতা অনুযায়ী আবেদনগ্রহণ চলছে

WBCS 2023 বিজ্ঞপ্তি শীঘ্রই

Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph ● Since 1920


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

### কৃষ্ণনগর, কল্যাণী ও বহরমপুরে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবকটি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 9064922886, 7001279061.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist.- Murshidabad, WB. Ph. : 7602656588, 6290698667.

কল্যাণী স্টাডি সেন্টার : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 7602656588, 6290698667.

ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

# জিএসসিইর সমাবর্তন ২০২২




নিজস্ব সংবাদদাতা । প্রায় ২ দশক ধরে মাধ্যমিক থেকে স্নাতকোত্তর যোগ্যতায় সব কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতির সেরা ঠিকানা হল জর্জ টেলিগ্রাফের জিএসসিই। এবার 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস' (জিএসসিই) মহামারী আবহের মধ্যেও সাফল্য পাওয়া বেশ কিছু ছেলেমেয়েদের নিয়ে ৬ নভেম্বর কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী কমিউনিটি হলে সমাবর্তন উৎসবের আয়োজন করে। এদিনের এই অনুষ্ঠান সকাল ৯টায় শুরু হয়ে দুপুর পর্যন্ত চলে। বর্তমানে পাঠরত ছেলেমেয়েদের সঙ্গে জিএসসিই-তে ডব্লুবিসিএস, সিজিএল, রেল, ব্যাঙ্ক, ডিফেন্স, মিসলেনিয়াস, ক্লার্কশিপ ও পুলিশ ইত্যাদি পরীক্ষায় পাশ করা ১৭৫ জনের বেশি ছেলেমেয়ে ও অভিভাবকরা হাজির ছিলেন। সকলকে প্রতিষ্ঠানের আধিকারিক অভিজিৎ কুণ্ডু, অয়ন সরকার ও হরনাথ দাস স্মারক ও উত্তরীয় দিয়ে সম্মানিত করেন। অভিজিৎ কুণ্ডু জানান, "সরকারি চাকরির পাঠ্যসূচির ব্যাপ্তি বিশাল। প্রতিটি প্রশ্নের পরীক্ষার ধরনও অপরটির থেকে আলাদা। কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির ক্ষেত্রে সিলেবাসও আলাদা হয়। এইসব ক্ষেত্রে জিএসসিই ছেলেমেয়েদের সেই বিশাল ব্যাপ্তির পড়াশোনাকে সহজতর করে ১০০% কমনযোগ্য স্টাডি মেটিরিয়ালসে রূপান্তরিত করে প্রতিনিয়ত তাদের সরবরাহ করে চলেছে।" অয়ন সরকার জানান, "ছেলেমেয়েরা সব সরকারি চাকরির পরীক্ষাতেই যাতে এগিয়ে থাকে সেজন্য জিএসসিইর অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা ও আমরা নিরলস প্রচেষ্টা করে চলেছেন। হরনাথ দাস জানান, "এই প্রতিষ্ঠানের ট্যাগলাইন হল 'পড়লেই সরকারি চাকরি'। এই কথাকে বাস্তবায়িত করাই আমাদের একমাত্র লক্ষ্য।" মহামারী পরিস্থিতিতে অফলাইন ক্লাসের পাশাপাশি জিএসসিই-তে অনলাইন ক্লাসেরও ব্যবস্থা (স্মার্ট ক্লাস) ছিল। সেক্ষেত্রে প্রতিটি স্টাডি মেটিরিয়ালসের সফট কপি পাঠানো, উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে প্রতিষ্ঠানের সব হেড অফিস শিয়ালদহ-সহ ২৪টি কেন্দ্রের প্রতিটিতে ছেলেমেয়েদের স্বল্পমূল্যে বেস্ট গাইডেন্স ও ফেসিলিটির ব্যবস্থা করে দেওয়া থেকে সব কিছুই প্রশংসিত হয়।

বিজ্ঞাপন

## ইন্সপেক্টর ইনচার্জ, কোর্স অফিসার, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার সহ কয়েক হাজার গ্রুপ ডি এর চাকরি

(মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট পাস ছেলেমেয়েদের জন্য)

পরিবহন দফতরের অফিস সহ বিভিন্ন জায়গায় চাকরির কোর্সের জন্য আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। এই কোর্স (অন-জব ট্রেনিং) সম্পূর্ণ করার পর পরিবহন দফতরে চাকরি করতে পারবেন। চাকরি হবে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতের বিভিন্ন জায়গায়। সমস্ত পদের জন্যই ন্যূনতম মাধ্যমিক পাস বা দশম শ্রেণি উত্তীর্ণ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন, এ ক্ষেত্রে পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই তবে ইন্সপেক্টর ইনচার্জ, কোর্স অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার পদের জন্য যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাস সঙ্গে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। এসসি ও এসটি প্রার্থী-রা ১০ শতাংশ নম্বর ছাড় পাবেন। যেকোনো শাখার গ্র্যাজুয়েট থাকলে উচ্চমাধ্যমিকে পার্সেন্টেজ না থাকলেও আবেদন করতে পারবেন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন। শূন্যপদের বিবরণ : রিসেপশনিস্ট- ১১৮৮টি, ক্লার্ক- ৭৯০টি, ইন্সপেক্টর ইনচার্জ- ৩৮৪টি, কোর্স অফিসার- ৪১৫টি, মাল্টিটাস্কিং স্টাফ- ১৩২৯টি, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার- ১৯৭টি, পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট- ৭৩৮টি পিওন- ১৪১৮টি, সিম্যান- ৯৩০টি, কুক- ৫৯০টি, অয়েলার- ২৭০টি ওয়েল্ডার- ৫৩৭টি ইলেক্ট্রিশিয়ান- ৯১০টি পেইন্টার- ৮৮০টি হাউসকিপার- ১০৬৫টি স্টোরকিপার- ৫২০টি প্লাম্বার- ৬৫০টি স্টুয়ার্ট- ১০৫৪টি ওয়াইপার- ৯৯২টি এবং ফিটার- ৬০৪টি। বয়স : ১লা ডিসেম্বর ২০২২ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। অনলাইন আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ — ২১শে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। সিলেকশন পদ্ধতি : আবেদনপত্রের সমস্ত খুঁটিনাটি তথ্য বাছাই করে প্রার্থী নির্বাচন (শর্ট লিস্ট) করা হবে। নির্বাচিত হলেই- সিলেকশন লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল-আইডিতে। তারপর বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন করা হবে। ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর থাকবে মেডিকেল টেস্ট এবং সবশেষে থাকবে পুলিশ ভেরিফিকেশন, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সার্টিফিকেট সহ সমস্ত নথিপত্রের ভেরিফিকেশন। সমস্ত ধরনের পরীক্ষা ও ভেরিফিকেশন সফল হলে, চূড়ান্ত মেধাতালিকায় নাম প্রকাশিত হবে এবং সেইসঙ্গে চূড়ান্ত মনোনয়ন পত্র দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদের ফল প্রকাশ করা হবে ২৭শে ডিসেম্বর ২০২২ তারিখে, বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্মতারিখ দিয়ে অনুসন্ধান করে ফলাফলের বিবরণ দেখতে পারবেন। সমস্ত স্তরের ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর কোর্সে (অর্থাৎ ২৪ মাসের অন-জব ট্রেনিং) এ যোগদান করতে পারবেন। ভর্তি বা ট্রেনিং এর জন্য যোগাযোগ করতে পারবেন পূর্ব ভারতের এই রিজিওনাল অফিসে "এমটিডিসিএস ট্রেনিং এন্ড রিসার্চ সেন্টার" ঠিকানা : সেক্টর 5, সল্টলেক সিটি, কলকাতা-700091, ফোন নম্বর- 033 3563-4673 এছাড়াও যোগাযোগ করতে পারবেন নির্দিষ্ট জায়গার অফিস গুলিতে- কলকাতায় 'এসসিবি ট্রেনিং একাডেমি' ফোন নম্বর : 8276980145, বারাসাত, নৈহাটি, বারুইপুর, ডানকুনি, হাওড়া, কল্যাণী, কৃষ্ণনগর, বহরমপুর, হলদিয়া, তমলুক, খড়গপুর, ঝাড়গ্রাম, বর্ধমান, দুর্গাপুর, বাঁকুড়া, সিউড়ি, মালদহ, শিলিগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, পুরুলিয়া, রায়গঞ্জ এবং বালুরঘাটে। যে কোন অফিসে গিয়ে যোগাযোগ করার জন্য সর্বপ্রথম www.mtdind.org ওয়েবসাইটটি লগ ইন করে 'Appointment create' অপসন এ গিয়ে একটি অ্যাপয়েন্টমেন্ট বুকিং করতে হবে তারপর অ্যাপয়েন্টমেন্ট লেটার সঙ্গে নিয়ে নির্দিষ্ট ঠিকানার অফিসে গিয়ে যোগাযোগ করতে পারবেন। অন-জব ট্রেনিং চলাকালীন কোনো ধরনের পরীক্ষা দিতে হয় না এবং এই কোর্স (অন-জব ট্রেনিং) সম্পূর্ণ ভাবে সফল করার পর পাবেন স্থায়ী চাকরি। অন-জব ট্রেনিং হবে ২৪ মাস। ইএমকে কোর্স অর্থাৎ অন-জব ট্রেনিং এর সময় থাকা-খাওয়া, সমস্ত রেশন ব্যবস্থা ও ১০,০০০ টাকা (সমস্ত সুযোগ-সুবিধা সহ) স্টাইপেন পাবেন প্রতি মাসে এবং তারপর পাবেন সম্পূর্ণ বেতন। আবেদন পদ্ধতি : অনলাইনে আবেদন করার জন্য www.mtdind.org ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন- এ ক্লিক করুন। অ্যাপ্লিকেশন জমা দেবার পর আপনার রেজিস্টার ইমেল-আইডির ইনবক্সে অথবা স্প্যাম ফোল্ডার থেকে অনলাইন আবেদন এর বিবরণ প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী সর্বোচ্চ দুটি ট্রেড এর জন্য আবেদন করতে পারবেন। আরও বিস্তারিত জানার জন্য www.mtdind.org ওয়েবসাইটটি লগইন করুন।

বিজ্ঞাপন

# স্টিল অথরিটি অফ ইন্ডিয়ায় ২৪৫ ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব সংবাদদাতা : স্টিল অথরিটি অফ ইন্ডিয়া 'ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল)' পদে ২৪৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল)** নেওয়া হবে এইসব শাখায় মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, মাইনিং, কেমিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিং।

মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল, ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল, ম্যানুফ্যাকচারিং প্রসেস ও অটোমেশন, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি, মেশিন ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬৫টি।

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল/ পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ/ ইলেক্ট্রিক্যাল মেশিন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার / পাওয়ার ইলেক্ট্রনিক্স/ পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৫৯টি।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ডিজাইন অ্যান্ড টেকনোলজি, মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, কমিউনিকেশন, কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৩টি।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৪টি।

মাইনিং ইঞ্জিনিয়ারিং বা, টেকনোলজি, মাইনিং অ্যান্ড মেশিনারি বা, মিনারেল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মাইনিং ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২৬টি।

মেটালার্জিক্যাল, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৫২টি।

সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৬টি।

ওপরের সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রি কোর্সের প্রতি বছর / সেমেস্টার মিলিয়ে মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ৮৯, ও.বি.সি. ৬৫, ই.ডব্লু.এস. ২১, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ২৮।

বয়স হতে হবে ২৩-১১-২০২২'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৫ সেমি, ওজন অন্তত ৪৫ কেজি, দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ±৪.০০। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন বেসিক পে ৫০,০০০ টাকা। সফল হলে ১ বছরের প্রবেশন। তখন মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ২০২২ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। মোট শূন্যপদের ১২ গুণ প্রার্থীকে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.sail.co.in, www.sailcareers.com অনলাইনে নাম নথিভুক্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে ৫০০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে।

## রাজ্য বিদ্যুৎ সংস্থায় চাকরির জন্য

১ পাতার পর

বাসিন্দাদের জন্য সুখবর আনল রাজ্য সরকার।

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সম্প্রসারণ কোম্পানি লিমিটেড (WBSETCL) এর ডিরেক্টর (এইচ.আর. অ্যান্ড এ) ২ নভেম্বর অফিসিয়াল অর্ডারে জানান, ২০১০ সালের নিয়োগ বিধি সংশোধন করে ডব্লু.বি.এস.ই.টি.সি.এল.-এ যে কোনো পদে চাকরির জন্য পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা (ডোমিসাইল অফ ওয়েস্ট বেঙ্গল) হতে হবে। ডোমিসাইল অফ ওয়েস্ট বেঙ্গল দেখা হবে এই দু'টির মধ্যে যে কোনো একটি — (ক) প্রার্থীকে পশ্চিমবঙ্গের ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে (এজন্য নিয়োগের আগে প্রোফর্মা -এ ডিক্লারেশন ফর্ম জমা দিতে হবে), (খ) প্রার্থীর বাবা-মা'কে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে (এজন্য প্রোফর্মা -বি ডিক্লারেশন ফর্ম জমা দিতে হবে)।

এই ডোমিসাইল সার্টিফিকেট নিতে হবে জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক, ডি.এম.-ডি.সি., এস.ডি.ও., বি.ডি.ও., এস.পি., অ্যাডিশনাল এস.পি., এস.ডি.পি.ও., ডি.এস.পি., কমিশনার, অতিরিক্ত কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ পুলিশ কমিশনারেট, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, পুরসভার কমিশনার, অ্যাডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, অ্যাসিস্ট্যান্ট কমিশনার, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ও ডেপুটি ডিরেক্টর।

যাঁদের পশ্চিমবঙ্গ সরকারের দেওয়া তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি.-এ ক্যাটেগরি, ও.বি.সি. - বি ক্যাটেগরির সার্টিফিকেট আছে, তাঁদের বেলায় আলাদা করে ডোমিসাইল সার্টিফিকেট (প্রোফর্মা-এ / প্রোফর্মা-বি) দিতে হবে না। রাজ্যের বাসিন্দাদের কাছে এটি সুখবর হলেও রাজ্য সরকারের অন্যান্য দফতরেও এই ব্যবস্থা চালু করার আবেদন জানান বেকার ছেলেমেয়েরা।

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

# ৮ বাহিনীর কনস্টেবল পদে কীভাবে প্রস্তুতি নিলে এবারেই আপনি চাকরি পাবেন

**নিজস্ব সংবাদদাতা, চাকদহ :** গত সপ্তাহেই কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনে ৮ বাহিনীতে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। শূন্যপদ গত ১০ বছরের মধ্যে সবথেকে বেশি। শূন্যপদের সংখ্যা ২৪,৩৬৯। যোগ্যতা মাধ্যমিক। পরীক্ষা নেবে স্টাফ সিলেকশন কমিশন। স্বভাবতই এই বিপুল সংখ্যক শূন্যপদের জন্য আবেদনকারীর সংখ্যা হবে কয়েক কোটি। পরীক্ষা হবে আগামী বছরের জানুয়ারি মাস নাগাদ। অর্থাৎ, পরীক্ষার প্রস্তুতির জন্য হাতে সময় থাকবে মোটামুটি ২ মাস। এখন এই অল্প সময়ে পুরো সিলেবাস বুঝে ঠিক কীভাবে প্রস্তুতি নিলে চাকরিপ্রার্থী থেকে চাকরিরত হবেন, তা জানতেই আমরা যোগাযোগ করেছিলাম ডিফেন্সে চাকরি পাওয়ার ব্যাপারে রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান নদিয়ার চাকদহের ICS'এর সঙ্গে। কারণ, এই প্রতিষ্ঠান থেকে প্রচুর ছেলেমেয়ে ফী বছর পাশ করে ডিফেন্সের নানা পদে চাকরি করছে। এই প্রতিষ্ঠানের অন্যতম কর্ণধার শুচিস্মিতা দে'র মতে, 'এই পরীক্ষায় পাশ করার আসল চাবিকাঠি হল আর একটুও সময় নষ্ট না করে আজই সিলেবাস ধরে পড়াশুনা শুরু করা। কারণ, অনলাইন পরীক্ষায় পাশ করতে হলে দরকার ঠিকঠাক গাইডেন্স, সঠিক স্টাডি মেটেরিয়ালস ও সর্বোপরি এই পরীক্ষায় সম্প্রতি পাশ করা ছেলেমেয়েদের পরীক্ষা-প্রস্তুতি-পদ্ধতির অনুসরণ'। এখন সবথেকে গুরুত্বপূর্ণ প্রশ্ন হল, এত বড় সিলেবাস এই ২ মাসের মধ্যে কীভাবে পড়লে চাকরি পাব। উত্তরে এই প্রতিষ্ঠানের ফ্যাকাল্টি তথা চাকরির পরীক্ষার অন্যতম বিশেষজ্ঞ সৌমিত্র দে জানালেন, 'সঠিকভাবে পড়াশুনো করলে এই পরীক্ষা ক্র্যাক করা খুবই সহজ ব্যাপার। কারণ, এই পরীক্ষায় যে ধরনের প্রশ্ন আসে, তা মূলত মাধ্যমিক মানের। অর্থাৎ, যে কোনো সাধারণ মেধার ছেলেমেয়েরাই যদি একটু গাইডেন্স পায় ও ঠিকঠাক বৈজ্ঞানিক পদ্ধতিতে সময় ধরে প্রস্তুতি নেয়, তাহলেই তারা সফল হবেই। আর এই ব্যাপারে আমাদের এই প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে অন্যতম। কারণ, এখান থেকে পড়ে প্রত্যেক বছর এই ধরনের পরীক্ষায় যারা পাশ করছে, তাদেরই দিয়ে আমরা স্টাডি মেটেরিয়ালস তৈরি করাই — যাতে নতুন ব্যাচের ছেলেমেয়েদের প্রস্তুতি একদম পরীক্ষায় যেরকম প্রশ্ন আসে, সেইরকম অনুযায়ী-ই হয়'। নামমাত্র কোর্স ফী নিয়ে এই পরীক্ষায় পাশ করে নিজেকে সরকারি চাকরি করতে দেখার স্বপ্ন সফল করার জন্য আজই যোগাযোগ করুন : ৭৮৬৪০০২১৫০, ৯৭৩৪৮৬৫৪৫৬ অথবা সরাসরি চলে যান এই ঠিকানায় : ICS, চাকদহ (পাঁজির মোড়), নদিয়া।



কর্ণধার শুচিস্মিতা দে

চিন্তা করছেন কী করবেন?
চলে আসুন IIHT-তে
সরকার স্বীকৃত Sanitary Inspector কোর্স 1 year
যোগ্যতা : H.S ও Computer Basic
এছাড়াও রয়েছে DMLT ও অন্যান্য স্বল্পমেয়াদী কোর্স।
ট্রেনিং শেষে সরকারী ও বেসরকারী সংস্থায় চাকরীর সুযোগ
IIHT
225 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
7003224427, 9051260924, 9836396734
Website : www.iiht.in (11 AM to 4 PM)

WBCS & SLST Coaching
Preli (2023) ও Main (2022) এর নতুন ব্যাচ খুব তাড়াতাড়ি শুরু হতে চলেছে। Admission চলছে। Online/Offline Class, Complete Study Materials (Both Beng & Eng Versions) and Mock Test Programmes available.
NHSC
Barnaparichaya Market (1st Floor), College Street, Kol-7
Contact- 7980649836, 9836484969
www.newhorizonstudy.com

Admission Going On
Be Professional : Government Registered Practioner
West Bengal Council of Yoga & Naturopathy
Govt. of West Bengal, Ayush Branch
1 yr. Certificate in Yoga & Practioner Trainee
Madhyamik Pass • Age No Bar
Experienced Teacher Doctors * Practical / OPD Classes
Employable Assistance * Installment Payment
Bharat Sevashram Sangha
: 9831144070, 7980099627

Red Plus Vocational Training Centre
50 RED PLUS SOCIETY
AFFILIATION NO : NCVRT/WB/4045/VTC
Centre of Health & Paramedical Science
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করার পর কী করবেন চিন্তা করছেন? সত্বর যোগাযোগ করুন :
নার্সিং-এ 100% কর্মজীবন সহায়তা
ANM • GNM
B.Sc. • M.Sc. • P.B.B.Sc.
Approved by INC
ফার্মাসিস্ট B.PHARMA / D.PHARMA
■ Diploma in Medical Laboratory Technology (DMLT)
2 yrs. Course • যোগ্যতা-উচ্চ মাধ্যমিক পাশ
ভর্তি চলছে 2022-23 সেশনে
➡ স্টুডেন্ট ক্রেডিট কার্ড সুবিধা।
➡ নিজস্ব হসপিটালে প্র্যাক্টিক্যাল করার সুবিধা।
➡ ন্যূনতম ফি ও কিস্তির মাধ্যমে পরিশোধ করার সুবিধা।
➡ সকল ডিগ্রি সমস্ত সরকারি বেসরকারি চাকরিতে সর্বত্র মান্যতাপ্রাপ্ত।
➡ ছেলে ও মেয়ে পৃথক হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা।
চাকরি পাওয়ার দুর্দিনে অভাবনীয় চাকরির সুযোগ এনে দিয়েছে
RED PLUS SOCIETY
All courses are conducted in the Hospital's own department
Admission going on now at your doorstep
Baghajatin Centre
403, West Rajapur, Baghajatin Station Road, Kolkata- 32
M: 9830067756 / 9903370881
email: redplusvtc2021@gmail.com

পশ্চিমবঙ্গে লোন নিয়ে নার্সিং পড়ার সুযোগ
SEBA INSTITUTE OF NURSING
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum- 731236
Admission Open 2022



মাত্র ৫০ হাজার টাকা দিয়ে ভর্তি হন এবং বাকি টাকা স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে পারবেন
GNM • B.Sc. Nursing











আমাদের বৈশিষ্ট্য :-
☛ Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না। ☛ Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। ☛ আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। ☛ শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। ☛ কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে। ☛ INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম • M: 8927925499, 8250433066

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। বার্নিশের কাজে ব্যবহৃত হয়, এমন একটি পদার্থের নাম কী — মেথিলেটেড স্পিরিট।

২। মূল্যবান প্রাকৃতিক পাথরগুলির মূল উপাদান কী — অ্যালুমিনিয়াম অক্সাইড।

৩। ফলের রস সংরক্ষণ করতে কোন রাসায়নিক পদার্থ ব্যবহৃত হয় — সোডিয়াম বেনজোয়েট।

৪। সামুদ্রিক আগাছা কিসের গুরুত্বপূর্ণ উৎস — আয়োডিন।

৫। চলমান গাড়ি আচমকা ব্রেক কষলে ভিতরে বসে থাকা যাত্রীরা সামনে ঝুঁকে পড়ে কেন — গতিজাড্যের কারণে।

৬। 'টেকনোমিটার' যন্ত্র কী পরিমাপ করে — ঘূর্ণনের গতিবেগ।

৭। মুখ দেখার আয়না কী জাতীয় দর্পণ — সমতল দর্পণ।

৮। মস্তিষ্কের পর্দার নাম কী — মেনিনজেস।

৯। স্নায়ুকোশের আবরণীর নাম কী — এপিনিউরিয়াম।

১০। 'স্টীম ইঞ্জিন' কে আবিষ্কার করেন



— জেমস ওয়াট।

## ইতিহাস

১১। 'মিত্র মেলা' কে প্রতিষ্ঠা করেন — বিনায়ক দামোদর সাভারকর।

১২। 'ভবানী মন্দির' বইটি কে প্রকাশ করেন — অরবিন্দ ঘোষ।

১৩। 'গদর' শব্দের অর্থ কী — বিপ্লব।

১৪। কে 'ফরাজি আন্দোলন'এর সূত্রপাত করেছিলেন — হাজী শরিয়ৎউল্লাহ।

১৫। 'আত্মোন্নতি সমিতি'র প্রতিষ্ঠাতা কে — বিপিনবিহারী গঙ্গোপাধ্যায়।

১৬। 'সারা ভারত কিষাণ সভা' কবে প্রতিষ্ঠিত হয় — ১৯৩৬ খ্রিস্টাব্দে।

১৭। পি.এন. ঠাকুর কার ছদ্মনাম — রাসবিহারী বসু।

১৮। 'বেনারস সংস্কৃত কলেজ' কে তৈরি করেন — জোনাথান ডানকান।

১৯। ভক্তি আন্দোলনের নেতা নামদেব কোন অঞ্চলের লোক ছিলেন — মহারাষ্ট্র।

২০। গন্ডোফার্নিস কোন বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন — পহ্লব।

## ভূগোল

২১। কোন শিলায় স্তর থাকে না — আগ্নেয় শিলা।

২২। ভূত্বকে কোন শিলা প্রথম সৃষ্টি হয় — আগ্নেয় শিলা।

২৩। গোবর গ্যাসের প্রধান উপাদান কী — মিথেন।

২৪। ভূমিকম্পের কেন্দ্র কাকে বলে — যেখানে কম্পনের উৎপত্তি হয়।

২৫। 'অ্যাম্ফিবোলাইট' কোন শিলার পরিবর্তিত রূপ — ব্যাসল্ট শিলার।

২৬। লুনি নদী কোথায় পড়েছে — কচ্ছের রাণ অঞ্চলে।

২৭। কাশ্মীর উপত্যকার মধ্য দিয়ে কোন নদী প্রবাহিত হয়েছে — ঝিলাম।

২৮। পলি, কাদা প্রভৃতি পদার্থ নদী কিভাবে বহন করে — ভাসমান প্রক্রিয়ায়।

২৯। 'কাঁসাই' নদীটি কোথা থেকে উৎপন্ন হয়েছে — বিহারের পার্বত্য অঞ্চল থেকে।

৩০। 'ব্রাহ্মণী' জলপ্রপাত কোন পাহাড়ে আছে — অযোধ্যা পাহাড়।

## অর্থনীতি

৩১। 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — দীপেন্দ্র সিং রাঠোর।

৩২। 'টেলিকম রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া'র তথ্য অনুসারে, কোন টেলিকম সংস্থা আগস্টে প্রথমবারের মতো দেশের বৃহত্তম ল্যান্ডলাইন পরিষেবা প্রদানকারী টেলিকম সংস্থায় পরিণত হল — রিলায়েন্স জিও (৩১ আগস্ট পর্যন্ত ৭.৩৫ মিলিয়ন ল্যান্ডলাইন সংযোগ করে এই সম্মান অর্জন করল 'জিও')।

৩৩। 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা'র অধীনে, বেসিক ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলিতে মোট ব্যালেন্স সম্প্রতি কত ছাড়ালো — ১.৭৫ লাখ কোটি টাকা।

৩৪। ভারতের অ্যান্ড্রয়েড মোবাইল ডিভাইস সংক্রান্ত ব্যবসায় প্রভাব খাটানোর অভিযোগে, কোন সংস্থাকে সম্প্রতি ১,৩৩৭ কোটি টাকা জরিমানা করল 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া' — সার্চ ইঞ্জিন জায়ান্ট 'গুগল'।

৩৫। কৃষকদের কল্যাণের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'SAFAL' (সিম্পলিফায়েড অ্যাপ্লিকেশন ফর অ্যাগ্রিকালচারাল লোনস) নামে একটি কমন ক্রেডিট পোর্টাল চালু করল — ওড়িশা।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। মহিলাদের জরায়ুর ক্যান্সারের স্ক্রিনিংয়ের জন্য একটি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সক্ষম ডিভাইস তৈরি করছে নয়াদিল্লির 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস'। এটির নাম কী — কল্পস্কোপ।

৩৭। বিশ্বের প্রথম অভিনেতা হিসাবে কে মহাকাশে শ্যুটিং করতে চলেছেন



— হলিউড অভিনেতা টম ক্রুজ।

৩৮। গিনি প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অবতার সিং।

৩৯। 'ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন'এর এক্সিকিউটিভ কমিটির সদস্য হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভুবনেশ্বরের লোকসভা সদস্য অপরাজিতা সারঙ্গী।

৪০। 'রাজস্থান হাই কোর্ট'এর প্রধান বিচারপতি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — পঙ্কজ মিত্তল।

৪১। কোন বিমানবন্দর সম্প্রতি ভারতের প্রথম 'সবুজ বিমানবন্দর'এর আখ্যা পেল — মুম্বইয়ের 'ছত্রপতি শিবাজি মহারাজ আন্তর্জাতিক বিমানবন্দর'।

৪২। সম্প্রতি মধ্য প্রদেশের উজ্জয়িনীতে মহাকালেশ্বর মন্দিরে, দীর্ঘ মহাকাল লোক করিডরের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এটি কত মিটার দীর্ঘ — ৯০০ মিটার।

৪৩। মাছ উৎপাদনে সম্প্রতি বিশ্বে কততম স্থান অর্জন করল ভারত — তৃতীয়।

৪৪। সম্প্রতি কোন কোম্পানির প্রেসিডেন্ট পদ থেকে পদত্যাগ করলেন রবি কুমার এস. — ইনফোসিস।

৪৫। ২০২২ সালে 'ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার'এর তরফ থেকে প্রকাশিত 'লিভিং প্ল্যানেট রিপোর্ট' অনুযায়ী, বিগত ৫০ বছরে বন্যপ্রাণী জনসংখ্যা কত শতাংশ কমেছে — ৬৯%।

৪৬। ২০২৩ সালে 'প্রবাসী ভারতীয় দিবস' সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হবে — মধ্য প্রদেশের ইন্দোর।

৪৭। কোথায় সম্প্রতি চতুর্থ 'বন্দে ভারত এক্সপ্রেস'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — হিমাচল প্রদেশের উনা জেলায়।

৪৮। সম্প্রতি কোন রাজনৈতিক দলের নতুন প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন মল্লিকার্জুন খারগে — কংগ্রেস।

৪৯। ২০২২ সালে 'গ্লোবাল পেনশন ইনডেক্স'এ ভারতের স্থান কত — ৪১।

৫০। শকুন সংরক্ষণের জন্য ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি একটি রাজ্য স্তরের কমিটি গঠন করল — তামিলনাড়ু সরকার।

৫১। 'ইন্ডিয়া ট্রেড প্রোমোশন অর্গানাইজেশন'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রদীপ সিং খারোলা।

৫২। ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'মিশন স্কুলস অফ এক্সেলেন্স'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — গুজরাত।

৫৩। ২০২২ সালে কোন দেশে 'গ্লোবাল ইয়ুথ ক্লাইমেট সামিট' অনুষ্ঠিত হয়েছে — বাংলাদেশ।

৫৪। সম্প্রতি কোন দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন লিজ ট্রাস — যুক্তরাজ্য।

৫৫। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি তাদের প্রথম সরকারি ইংরিজি মাধ্যম কলেজের উদ্বোধন করল — ত্রিপুরা।

৫৬। ভারতের নতুন 'কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতী দাশ।

৫৭। ২২ তম 'বিশ্ব ব্লকচেইন সম্মেলন' কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — দুবাই।

৫৮। 'জেপি মর্গ্যান ভারত'এর প্রধান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — কৌস্তভ কুলকার্নি।

৫৯। ২০২২ সালে কে 'স্যার সৈয়দ এক্সেলেন্স আন্তর্জাতিক পুরস্কার' পেলেন — বিখ্যাত মার্কিনি ইতিহাসবিদ তথা অধ্যাপিকা বারবারা ড্যালি মেটকাফ।

৬০। ২০২২ সালে কে 'বুকার পুরস্কার' পেলেন — শ্রীলঙ্কার লেখক শেহান করুনাতিলাকা (গৃহযুদ্ধের নিষ্ঠুরতা ও মৃত্যু পরবর্তী জীবন নিয়ে লেখা উপন্যাস 'The Seven Moons of Maali Almeida'এর জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৬১। সম্প্রতি 'ভুবনেশ্বর রেলওয়ে স্টেশন'এ, ভারতের প্রথম অ্যালুমিনিয়াম মালবাহী রেকের উদ্বোধন করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। এটির নাম কী — 61 BOBRNALHSM1।

৬২। সম্প্রতি প্রয়াত নিপন গোস্বামী (৮০ বছর) কে ছিলেন — অভিনেতা।

৬৩। স্লোভাক প্রজাতন্ত্রে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অপূর্বা শ্রীবাস্তব।


৬৪। কোথায় সম্প্রতি ভারতের প্রথম হিন্দি ভাষায় এমবিবিএস কোর্সের বই প্রকাশ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ — মধ্য প্রদেশের ভোপালে।

৬৫। কোথায় সম্প্রতি 'পরম কামরূপা' নামে সুপারকম্পিউটার সুবিধা চালু করলেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু — অসমের আইআইটি গুয়াহাটি।

৬৬। 'ইসরো'র 'আদিত্য-এল১' মিশনের প্রধান বিজ্ঞানী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.শঙ্করসুব্রহ্মণ্যন কে.।

৬৭। কোন ভারতীয় সম্প্রতি মর্যাদাপূর্ণ 'আকাদেমিয়া অপথ্যালমোলজিক্যাল ইন্টারন্যাশনালিস'এর সদস্য হিসাবে মনোনীত হলেন — 'এল ভি প্রসাদ আই ইনস্টিটিউট'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান ড.প্রশান্ত গর্গ।

৬৮। সম্প্রতি প্রয়াত ড.দিলীপ মহলানবীশ (৮৮ বছর) কিসের জনক



— ওআরএস।

৬৯। সম্প্রতি টেনিস তারকা নোভাক জকোভিচের নামানুসারে, একটি নতুন প্রজাতির পোকার নামকরণ করলেন সার্বিয়ান বিজ্ঞানীরা। এটির নাম কী — ডুভালিয়াস ডকোভিচি।

৭০। সম্প্রতি 'পান্না বাঘ সংরক্ষণাগার'এর বাঘেদের জন্য একটি নতুন সংরক্ষণাগার তৈরির অনুমোদন দিল 'মধ্য প্রদেশ ওয়াইল্ডলাইফ বোর্ড'। এই সংরক্ষণাগারটির নাম কী রাখা হবে — দুর্গাবতী বাঘ সংরক্ষণাগার।

৭১। সম্প্রতি দিল্লিতে মোট কটি জেলা সৈনিক বোর্ড স্থাপনের অনুমোদন দিলেন লেফটেন্যান্ট গভর্নর বিনাই কুমার সাক্সেনা — ৪টি।

৭২। সম্প্রতি আনুষ্ঠানিকভাবে কোন দিনটিকে 'সপ্তাহের সবথেকে খারাপ দিন' হিসাবে ঘোষণা করল 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস' — সোমবার।

৭৩। কাকে সম্প্রতি নতুন রাজস্ব সচিব হিসাবে মনোনীত করল কেন্দ্রীয় সরকার — সঞ্জয় মলহোত্রা।

৭৪। কোন ২ দেশ সম্প্রতি 'আন্তর্জাতিক সৌর জোট'এর সভাপতি ও সহ-সভাপতি দেশ হিসাবে পুনঃনির্বাচিত হল — ভারত ও ফ্রান্স।

৭৫। সম্প্রতি রাজস্থানের রাজসমন্দ জেলার নাথদ্বারা এলাকায় উন্মোচিত হল বিশ্বের উচ্চতম শিব মূর্তি। মূর্তিটির নাম কী — বিশ্বাস স্বরূপম (এই শিব মূর্তিটির উচ্চতা ৩৬৯ ফুট)।

৭৬। রাজস্থানের যোধপুরে সম্প্রতি কোন দেশের সঙ্গে 'গারুদা VII' নামে যৌথ বায়ুসেনা অনুশীলন শুরু করল ভারত — ফ্রান্স।

৭৭। রাজ্যের সম্পূর্ণ ট্যাক্সি ইন্ডাস্ট্রির জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি কমন মোবাইল অ্যাপ চালু করার সিদ্ধান্ত নিল — গোয়া।

৭৮। কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল সম্প্রতি কোথায় 'আয়ুশ উৎসব'এর উদ্বোধন করলেন — কাশ্মীর।

৭৯। আইভরি কোস্ট প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.রাজেশ রঞ্জন।

৮০। সাইবার ও আর্থিক অপরাধ দমন রুখতে, ভারতের কোন রাজ্য সরকার 'সাইবার ইন্টেলিজেন্স ইউনিট' গড়বে — মহারাষ্ট্র।

৮১। সম্প্রতি ভারতের কোন রাজ্যে 'তেরাই হাতি সংরক্ষণাগার' স্থাপনের বিষয়ে অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার — উত্তর প্রদেশ।

৮২। পর্যটকদের আকর্ষণ করতে, কোথায় সিঙ্গাপুরের আদলে আন্ডারওয়াটার পার্ক গড়া হবে — দীঘা।

৮৩। সম্প্রতি 'জল জীবন মিশন'এর আওতায়, ১০০% পরিবারে কলের জলের সংযোগ দিল কোন রাজ্য — গুজরাত।

৮৪। বিমান বিশ্লেষণী সংস্থা 'ওএজি'র তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, বিশ্বের ১০টি ব্যস্ততম বিমানবন্দরের তালিকায় সম্প্রতি ভারতের কোন বিমানবন্দর স্থান পেল — দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'।

## খেলাধূলা

৮৫। ২০২২ সালে কে 'মেল্টওয়াটার চ্যাম্পিয়ন্স চেজ ট্যুর' জিতলেন — ম্যাগনাস কার্লসেন।

৮৬। ২০২৩ সালে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে অনুষ্ঠিত হতে চলা ফিফা মহিলাদের বিশ্বকাপের অফিসিয়াল ম্যাসকট কী — তাজুনি।

৮৭। ভারতীয় বক্সিংয়ের জন্য, হাই-পারফরম্যান্স ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রাক্তন আইরিশ পেশাদার বক্সার বার্নার্ড ডান।

৮৮। কে সম্প্রতি 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ গ্রেকো রোমান কুস্তিতে ৭৭ কেজি ওজন বিভাগে ব্রঞ্জ পদক জিতে ইতিহাস গড়লেন — ভারতের সাজন ভানওয়ালা (তিনিই বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপে গ্রেকো রোমান কুস্তিতে পদক জয়ী প্রথম ভারতীয়)।

৮৯। কে সম্প্রতি প্রথম ভারতীয় কুস্তিগির হিসাবে, 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেয়ে



ইতিহাস গড়লেন — আমান সেহরাওয়াত (পুরুষদের ৫৭ কেজি বিভাগে এই পদক পেলেন তিনি)।

৯০। কাকে সম্প্রতি অন্ধদের জন্য তৃতীয় টোয়েন্টি-২০ বিশ্বকাপের জন্য প্রচারদূত হিসাবে মনোনীত করল 'ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ইন্ডিয়া' — প্রাক্তন ভারতীয় ক্রিকেটার যুবরাজ সিং।

৯১। ২০২২ সালে কোথায় ১০তম 'সিনিয়র ন্যাশনাল পেনকাক সিলাট চ্যাম্পিয়নশিপ' কোথায় অনুষ্ঠিত হয়েছে — শ্রীনগর।

৯২। 'টোয়েন্টি-২০ বিশ্বকাপ'এর পর কোন দেশের প্রধান কোচের পদ থেকে পদত্যাগ করবেন ফিল সিমন্স — ওয়েস্ট ইন্ডিজ।

সঙ্কলক : পলি দেওয়ান

# রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষাক্রমে ১১টি বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতি

'রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়'এ সেন্টার ফর ডিস্ট্যান্স অ্যান্ড অনলাইন এডুকেশন ২০২২-'২৩ সেশনে অনলাইনে এইসব বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতি নিচ্ছে : বাংলা, সংস্কৃত, এনভায়রণমেন্টাল স্টাডিজ, মাস্টার অফ সোশ্যাল ওয়ার্ক, ভোকাল মিউজিক, রবীন্দ্রসঙ্গীত, এডুকেশন, ইতিহাস, ইংরিজি, রাষ্ট্রবিজ্ঞান ও ভূগোল। আগে আসার ভিত্তিতে সুযোগ। আসন সংখ্যা সীমিত। পড়ানো হবে ডিস্ট্যান্স মোডে, বিশ্ববিদ্যালয় স্বীকৃত নিচের সব লার্নার সাপোর্ট সেন্টারে। অনলাইনে আবেদন করতে হবে ১৫ নভেম্বরের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.rbudde.in

**লার্নার সাপোর্ট সেন্টারের নাম ও কোড নম্বর :**

CDOE RBU Main Campus (99), Raiganj Surendranath Mahavidyalaya (01), Dhruba Chand Halder College (02), Tamralipta Mahavidyalaya (04), Sukanta Mahavidyalaya (06), Vidyanagar College (07), Sundarbon Hazi Desarat College (08), Bhatter College (09), Bankura Zila Saradamani Mahila Mahavidyapith (10), Balurghat Mahila Mahavidyalaya (11), Dr. Meghnad Saha College (12), Sitalkuchi College (13), Barasat College (14), Prof. Syed Nurul Hasan College (15), Sripat Singh College (16), Samsi College (19), Pathar Pratima Mahavidyalaya (21), Ananda Chandra College of Commerce (22), Gangarampur College (23), Vijaygarh Jyotish Ray College (26), Raidighi College (29), Krishnath College (30), Chapra Bangaljhi Mahavidyalaya (31), Abhedananda Mahavidyalaya (35), Mathabhanga College (36), Deshbandhu College for Girls (38), Bidhan Chandra College, Rishra (39), Behala College (40), Dinabandhu Mahavidyalaya (41), Serampore Girls College (42), Vivekananda College (Madhyamgram) (43), Gour Mahavidyalaya (46), Munshi Premchand Mahavidyalaya (47), Rajganj College (48), Falakata College (49), Vivekananda College, Alipurduar (50), Maharaja Srischandra College (52), Raja Peary Mohan College (54), Mrinalini Dutta Mahavidyalaya (55), Egra Sarada Shashi Bhusan College (56).

## রাজ্য সরকারে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

বা, কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা 'জেনারেল কাস্টে'র প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০২২ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল /মেকানিক্যাল / ইলেক্ট্রিক্যাল) রিক্রুটমেন্ট এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন শহরে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in এই পদের বিজ্ঞপ্তি নং : ০৯/২০২২।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ নভেম্বর থেকে। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'One Time Registration' করতে হবে। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তখন Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দিতে হবে। আরো বিস্তারিত তথ্য পরবর্তী সংখ্যায় দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

টেকনিক্যাল সরকারি চাকরিতে সাফল্যের বিচারে পশ্চিমবঙ্গের মধ্যে সবথেকে এগিয়ে *itee* institute
WBPSC-JE এর নতুন ব্যাচ শুরু হচ্ছে। (Civil, Mech & Elec)
অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ
(Offline & Online)
বিখ্যাত WBPSC-JE পরীক্ষার সাফল্য জানতে
www.iteeonlineportal.com
M: 8910393989

মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বীকৃত

## এগ্রিকালচার ও ফিশারি ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি

রাজ্য সরকার অনুমোদিত মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অব টেকনোলজি (ম্যাকাউট) (পূর্বতন WBUT) এর CCPTR গুরুকুল এর সাথে যৌথ উদ্যোগে যে কোনো শাখায় গ্র্যাজুয়েট ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে ১ বছরের কর্মসংস্থানমুখী POST GRADUATE DIPLOMA IN AGRICULTURE & FISHERY MANAGEMENT কোর্স। আজ যখন অন্য সেক্টরে জব নেই বা চাকরি চলে যাচ্ছে বা স্বনিযুক্তির কোনো দিশা দেখা যাচ্ছে না, তখন এগ্রিকালচার ও ফিশারি সেক্টরে দেশের ৬০% নিরন্তর কর্মসংস্থান হয়ে চলেছে। কোর্স শেষে রয়েছে অফুরন্ত কাজের সুযোগ, সঙ্গে স্বনিযুক্তির হাতছানি। কারণ ভারত কৃষিপ্রধান দেশ এবং কৃষি ও মৎস্যচাষ আমাদের অর্থনীতির মূল স্তম্ভ। গুরুকুল কলকাতা ক্যাম্পাসে ছাত্রছাত্রীরা পাচ্ছে সর্বশ্রেষ্ঠ ও সর্বাধুনিক কৃষিবিদ্যা ও মৎস্য বিজ্ঞান ম্যানেজমেন্ট-এর শিক্ষা। গুরুকুল কলকাতা ক্যাম্পাসে আছে ভারতের প্রথিতযশা অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, আছে নিজস্ব এগ্রিকালচার ফার্ম, সর্বাধুনিক সয়েল ও ওয়াটার অ্যানালাইসিস ল্যাব, জেনেটিক্স ও মাইক্রোবায়োলজি ল্যাব, অটোমেটেড পলি হাউস, শেড নেট, মডার্ন ইরিগেশন সিস্টেম ও লাইব্রেরি। আছে নিজস্ব ফিশারি, পশুপালন ইউনিট, ভার্মিকম্পোস্টিং ও অ্যাগ্রোফরেস্ট্রি ইউনিট, মেডিসিনাল প্ল্যান্ট গার্ডেন। পুরো ক্যাম্পাসে আছে সিসিটিভি-র সুরক্ষা। পড়াশুনোর সাথে-সাথে থাকছে একাধিক এক্সট্রা চাকুরিমুখী বিভিন্ন ইন্ডাস্ট্রিতে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে এবং চাকরিই শিক্ষার্থীকে খুঁজে নেয়), ফ্রি সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন ও ১০০% প্লেসমেন্ট সাপোর্ট ও সর্বোপরি Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT) এর গভর্ন্যান্স ও সার্টিফিকেট। তাই যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছাত্রছাত্রী ও অভিভাবকদের কাছে আজ গুরুকুলই প্রথম পছন্দ। কোর্সে সীমিত আসনে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন এই ঠিকানায় — Gurukul Edutech Education & Research Foundation, Langalberia, Laskus Campus, Kolkata- 700145, Ph- 9804720425, 7059918186, 9051352337। ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in।

— বিজ্ঞাপন —

সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন

কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান

Admission চলছে
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়

BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP, SSC Gr.D, PSC Gr. C&D

নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797 ● An ISO 9001:2015 Certified
www.ngcc.in

Head Office- সুমতি প্যালেস
দেবীপুর, পোঃ- চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা
9836306785
পথ নির্দেশ : শিয়ালদহ থেকে ট্রেনে বনগাঁ লোকাল ধরে চাঁদপাড়া Station-এ নেমে টোটো বা ভ্যানে করে দেবীপুর বাসস্ট্যান্ড অথবা বনগাঁ থেকে DN44 বা অটো ধরে দেবীপুর।

আমাদের সমস্ত ব্রাঞ্চে ক্লাস শুরু হয়ে গেছে
লিখিত পরীক্ষায় পাশ করতে না পারলে সম্পূর্ণ টিউশন ফিস ফেরতের গ্যারান্টি।
(শুধুমাত্র হেড অফিসের আবাসিকদের জন্য)
প্রতিদিন ক্লাস

গঙ্গারামপুর ব্রাঞ্চ হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর
গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সাথে দক্ষ Physical Trainer দ্বারা Run করিয়ে গ্যারান্টি-সহ Physical Fit করানো হয়। ফোন : 9073360106

রায়গঞ্জ ব্রাঞ্চ
BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
ফোন : 9051149723

ইসলামপুর ব্রাঞ্চ
ইসলামপুর হাইস্কুল মোড়, কে. পি. সাউন্ডের পাশে, উঃদিঃ
ফোন : 8391084168

সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন।
সমস্ত ব্রাঞ্চে ক্লাস শুরু হয়ে গেছে ও নতুন ব্যাচে ভর্তি চলছে।
বালুরঘাট : 7407945419

## আই.টি.বি.পি'তে ২৮৭

১ পাতার পর

'কনস্টেবল (কবলার)', 'কনস্টেবল (সাফাই কর্মচারী)', 'কনস্টেবল (ওয়াশারম্যান)'ও 'কনস্টেবল (বারবার)'পদে ২৮৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশরা 'কনস্টেবল (সাফাই কর্মচারী, ওয়াশারম্যান ও বারবার) পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলে 'কনস্টেবল (টেলর /গার্ডেনার /কবলার)' পদের জন্য যোগ্য। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. / ভোকেশনাল কোর্স পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, অসম, ত্রিপুরা-সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৩ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। কনস্টেবল (টেলর) পদের বেলায় মেয়েদের ক্ষেত্রে শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৬ সেমি (তপশিলী উপজাতি হলে ১৫০, অসম, ত্রিপুরা-সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৫৫) সেমি।

সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ২৮৭টি। এর মধ্যে কনস্টেবল (টেলর) পদে ১৮টি। ছেলে ১৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। মেয়ে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কনস্টেবল (গার্ডেনার) পদে ১৬টি। ছেলে ১৪টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মেয়ে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কনস্টেবল (কবলার) পদে ৩১টি। ছেলে ২৬টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। মেয়ে ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কনস্টেবল (সাফাইকর্মচারী) পদে ৭৮টি। ছেলে ৬৭টি (জেনাঃ ২৪ ও.বি.সি. ১৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৭)। মেয়ে ১১টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কনস্টেবল (ওয়াশারম্যান) পদে ৮৯টি। ছেলে ৭৬টি (জেনাঃ ২৮ ও.বি.সি. ২২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। মেয়ে ১৩টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কনস্টেবল (বারবার) পদে ৫৫টি। ছেলে ৪৭টি (জেনাঃ ১৮ ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৪)। মেয়ে ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা (হাইট বার টেস্ট) মাপা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ নভেম্বর থেকে ২২ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, এস.বি.আই. চালানে জমা দেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## প্রাইমারি 'টেট'এ

১ পাতার পর

সংখ্যা অনেক বেশি হয়েছে। শেষবার প্রাথমিক 'টেট' হয়েছিল ২০১৭ সালে। তখন দরখাস্ত জমা পড়েছিল ২ লাখ ৪৫ হাজার। পরীক্ষা দিয়েছিলেন ১,৮৯,৫১৪ জন। তার মধ্যে 'টেট' কোয়ালিফাই করেছেন ৯,৮৯৬ জন। ২০১২ সালে 'টেট'এ দরখাস্ত জমা পড়েছিল ৩৬ লাখ। পরীক্ষা দিয়েছিলেন ১৭ লাখ ৫১ হাজার প্রার্থী। ২০১৪ সালে ২০ লাখ ৫০ হাজার দরখাস্ত জমা পড়েছিল। পরীক্ষা দিয়েছিলেন ১২ লাখ ৪৫ হাজার প্রার্থী। তখন নন-ট্রেন্ড প্রার্থীরাও পরীক্ষা দেওয়ার সুযোগ পেতেন।

প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানানো হয়, এবারের 'টেট' ১১ ডিসেম্বর হবে। বহু প্রার্থী ফর্ম পূরণ করতে গিয়ে ভুল করেছেন। তাঁদের জন্য ৫ ও ৬ নভেম্বর ফর্ম এডিট করার সুযোগ দেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, বিপুল সংখ্যক প্রার্থী 'টেট'এর জন্য দরখাস্ত করেছেন। এটি চাকরিপ্রার্থীদের কাছে খুবই ভালো খবর।

প্রসঙ্গত উল্লেখ্য, এই 'টেট' পাশ মানেই চাকরি পাওয়া নয়। এটি হল কোয়ালিফাইং পরীক্ষা। 'টেট'এ ১৫০ নম্বরের মধ্যে ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন। অর্থাৎ, ৯০ (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থী হলে ৮২ - আদালতের নির্দেশ অনুযায়ী) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। আগে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৮৩ নম্বর পাস নম্বর হিসাবে ধরা হত। কিন্তু ২০১৭ সালের পরীক্ষায় ৮২ নম্বর পাওয়া কিছু প্রার্থী মামলা করেন। কলকাতা হাইকোর্টের নির্দেশে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীর পাশ নম্বর ৮৩ থেকে কমিয়ে ৮২ করা হয়েছে। এর ফলে ২০১৭ সালের 'টেট'এ কোয়ালিফাই প্রার্থীর সংখ্যা বাড়বে।

# জেনারেল ইংলিশ

## চাকরির পরীক্ষার গাইড

***Direction (Qs. 1-10):** Read the following passage carefully and answer the given questions. Certain words/ phrases are given in bold to help you locate them while answering some of the questions.*

Several commentators have remarked that Finance Minister Arun Jaitley's budget for 2017-18 lacks much **fizz**. But everything has to be viewed in perspective. This year's Budget was presented at a time when there are several storm clouds hanging over the economy. We are still reeling from the effects of demonetisation, which must have earned a prominent place in the record books as one of the biggest policy-induced disasters of all time. The International Monetary Fund (IMF) estimates the effect of demonetisation to be a 1% reduction in the GDP growth rate. Even the Economic Survey admits some adverse effect on the economy, but naturally claims that it will be much lower. To make matters worse, the introduction of the uniform Goods and Services Tax (GST), as well as advancing the date of the presentation of the Budget by a month meant that the government did not really have firm estimates of either the rate of growth of the economy or the amount of indirect tax revenues that it could hope to collect during the year. Finally, this was also the first time that the Railway Budget was being integrated with the general Budget.

The political atmosphere, with elections in several States, including the crucial one of Uttar Pradesh, being just round the corner, was also not propitious for good Budget-making. It must have been tempting for Mr Jaitley to indulge in some cheap populism in order to counter any negative reaction of voters to the demonetisation. The Election Commission would not have interfered — by agreeing to allow the government to present the Budget just before the elections, it had signalled that it would treat the budget as a routine and necessary piece of government policy.

But the overall impression is that Mr Jaitley has refrained from any overt acts of populism. It is a workmanlike exercise, **devoid** of any frills or fireworks. There are no sops — the clearest indication being the absence of any announcement about new train lines. His philosophy this time round seems to be to let the economy grow more or less on its own, with minimal additional interference or help from the government.

The government has achieved the fiscal deficit target of 3.5% of GDP that was set for 2016-17 The earlier target of bringing this down to 3% during 2017-18 has been relaxed, but only slightly. Mr Jaitley has increased it to 3.2%. This must actually have come as a disappointment to many who felt that it was imperative for the government to choose a larger deficit so as to provide a big dose of fiscal stimulus in order to offset the contraction of demand following the demonetisation exercise. However, the Finance Minister has chosen the path of fiscal prudence. Perhaps, he is hoping that the State budgets will be sufficiently expansionary. Also, the Reserve Bank claims that the economy will soon be fully remonetised (but then why was it ever demonetised?) and this will provide another source of demand stimulus.

The Budget proposals reveal that both revenue as well as expenditure will record only modest increases during the next financial year. Expenditure is forecast to grow at 6.6% over the year, compared with a rise of over 12% during the current year. Gross tax revenue is forecast to increase by 12.2 % during the next year, significantly below the 17% expansion witnessed during the current year.

A major reason for the rather conservative forecast about increase in tax revenue collection is that excise duties will contribute very little to the increase. This is in contrast to the current year when higher duties on petrol and diesel provided something of a **windfall** gain to the government. Since crude oil prices have started climbing up, the government can no longer afford to increase taxes of petroleum products.

Perhaps, a small act of populism is the decision to reduce the income tax rate for the first slab from 10% to 5%. This has resulted in a discontinuous rate structure, with the marginal tax rate for the next slab jumping to 20%. While the discontinuity by itself is not bad and not uncommon — the rate for instance in the United Kingdom jumps from 20% to 40% for two contiguous slabs — it is a bad move for a quite different reason. Total tax revenue in India is ridiculously low at 11% of GDP. It is essential that the tax-to-GDP ratio be increased significantly in order to finance increased public expenditure in the social sectors and infrastructure, to mention just a couple of priority areas. This will be possible only if a twin-pronged strategy is carried out. First, there should be no decrease in tax rates. Second, a significantly larger share of national income must be brought under the scope of income tax. Increased computerisation, KYC requirements, and penalties on large cash transactions will all help in making tax evasion more difficult. Perhaps, the government should have kept the 10% tax slab unchanged, and actually introduced a new 5% tax slab for those with taxable income of Rs. 2 lakh to Rs. 2.5 lakh. That would have been an exhibition of real political courage!

1. How does the author see the advancing of the date of presentation of the Budget by a month?
(A) That the government did not have firm estimates of the rate of growth of the economy
(B) That the government wanted to do a new experiment to make a history
(C) That the government did not have firm estimates of the amount of indirect tax revenues that it could hope to collect during the year
(D) Only (A) and (C)
(E) All (A), (B) & (C)

2. Which of the following is/are the populist measure(s) taken by the Finance Minister while presenting the Budget for 2017-18?
(I) Announcement of new train lines
(II) Reduction of the income tax rate for the first slab by 5%
(III) Introduction of a uniform GST as well as advancing the date of a presentation of the Budget by a month
(A) Only (I) (B) Only (II) (C) Only (III) (D) Only (IV) (E) All (I), (II) and (IV)

3. The author of the passage raises a serious concern by saying that there are several storm clouds hanging over the economy. What are these clouds?
(I) The negative impact of demonetisation on GDP growth rate as pointed out by the IMF
(II) Persistence of the impact of demonetisation
(III) Tough policy measures of the RBI against private banks
(A) All (I), (II) & (III) (B) Only (I) & (II) (C) Only (II) & (III) (D) Only (I) & (III) (E) Only (I)

4. Find the incorrect statement on the basis of the given passage.
(A) In the budget for 2017-18 the Railway Budget was integrated with the General Budget to cut the expenses on railway employees.
(B) The IMF has estimated the effect of demonetisation to be a 1% reduction in the GDP growth rate.
(C) One of the reasons why this year's budget could not be a good one was elections in several states.
(D) A general perception about this year's budget is that Mr Jaitley has refrained from any overt act of populism.
(E) None of the above

5. What has/have been forecast in the Budget proposals? Answer in the context of the passage.
(I) Gross tax revenue has been forecast to increase below the 17% expansion witnessed during the current year.
(II) Income tax will be 5% for those whose income is below Rs. 3 lakh in a financial year.
(III) Expenditure is forecast to grow at 6.6% over the year compared with a rise of over 12% during the current year.
(A) Only (I) & (II) (B) Only (II) & (III) (C) Only (I) & (III) (D) All (I), (II) & (III) (E) Only (II)

6. Why does the author lay emphasis on increasing the tax-to-GDP ratio?
(A) To finance the SMEs at low rates of interest (B) To finance increased public expenditure in the social the sectors (C) To finance increased expenditure in infrastructure (D) Only (B) & (C) (E) All (A), (B) & (C)

***Direction (Qs. 7-8):** Choose the word which is MOST SIMILAR in meaning to the word printed in bold in the passage.*

7. **Fizz**
(A) Standard (B) Taste (C) Commitment (D) Buzz (E) Glow

8. **Windfall**
(A) jackpot (B) typhoon (C) catastrophe (D) disaster (E) little

***Direction (Qs. 9-10):** Choose the word which is MOST OPPOSITE in meaning of the word printed in bold as used in the passage.*

9. **Devoid**
(A) bereft (B) full (C) deficient (D) worthless (E) without

10. **Evasion**
(A) elusion (B) dodging (C) avoidance (D) trickery (E) meeting

***Direction (Qs. 11-15):** Read each sentence to find out whether there is any gramatical or idiomatic error in it. The error, if any, will be in one part of the sentence. The number of that part is the answer. If there is 'No Error' the answer is (E). (Ignore errors of punctuation, if any).*

11. (A) India has rushed its diplomats to Kansas after an Indian-origin man was killed / (B) and another injured by a former US Navy service man / (C) who mistaken them for 'Middle Eastern' in what was the first / (D) such incident since Donald Trump took over as president. / (E) No error

12. (A) Congress candidates from across the state / (B) said they weren't supported financially / (C) by the party this time, / (D) made it difficult for them to meet poll expenses. / (E) No error

13. (A) India could soon see driverless cars on its roads / (B) as proposed amendments to the motor vehicles law will empower the government / (C) to permit the testing of such vehicles, an area in which / (D) companies such as Google, Tesla and Uber are heavily engaged. / (E) No error

14. (A) The Central Board of Direct Taxes have issued a circular / (B) clarifying that the provisions relating to / (C) place of effective management (POEM) will apply / (D) to companies with over Rs. 50 crore turnover. / (E) No error

15. (A) The dust from the government's recent capping of coronary stent prices / (B) is yet to settle but it indicates / (C) the huge potentiality that exists for Indian entrepreneurs / (D) in making affordable devices for the Indian market. / (E) No error

### উত্তর

1(D). 2(B). 3(B). 4(A). 5(C). 6(D). 7(D). 8(A). 9(B). 10(E). 11(C). 'mistaken' এর বদলে 'mistook' হবে। 12(D). 'made' এর বদলে 'making' হবে। 13(E). 14(A). 'have' এর বদলে 'has' হবে। 15(C). 'potentiality' এর বদলে 'potential' হবে।

## বায়ুসেনায় অগ্নিবীরবায়ু

১ পাতার পর

ইংরিজি ও অঙ্ক বিষয় নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

**সায়েন্স ছাড়া অন্য শাখার প্রার্থীদের জন্য** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইংরিজি বিষয় নিয়ে ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

সব ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২৯-১২-১৯৯৯ থেকে ২৯-৬-২০০৫'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২.৫ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। মেয়েদের বেলায় শুধুমাত্র বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/১২ যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনার দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য থাকা দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কন্ট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট নিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে, ১৮ জানুয়ারি বা, তারপর। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সায়েন্স ব্যাকগ্রাউন্ড প্রার্থীদের বেলায় ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক।

নন-সায়েন্স প্রার্থীদের বেলায় ৪৫ মিনিটের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। যাঁরা দু'টি ক্ষেত্রেই পরীক্ষা দেবেন তাঁদের বেলায় ৮৫ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে।

প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড় আর মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়তে হবে। এছাড়াও ছেলেদের বেলায় ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস আর মেয়েদের বেলায় ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস।

ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-। ও অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-।। হবে। তারপর গ্রুপ বা, ট্রেড টেস্ট আর মেডিক্যাল টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এয়ারমেন সিলেকশন সেন্টারে ৩১ মে। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ নভেম্বর থেকে ২৩ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://agnipathvayu.cdac.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচে বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 020-25503105 / 25503106.

## কোর্টে ৩,০৫১

১ পাতার পর

আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ১,৮০০ টাকা।

**প্রসেস সার্ভার** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মাইনে একই।

**অর্ডারলি / পিওন / অফিস পিওন / ফরাস** : ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। মাইনে একই।

**চৌকিদার / ওয়াটারম্যান / সুইপার / মালি / কুলি / ভিস্তি / লিফটম্যান** : ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। মাইনে একই।

**সুইপার কাম ফরাস** : ক্লাস সিক্স পাশরা আবেদন করতে পারেন। মাইনে মাসে ৬,০০০ টাকা।

ওপরের ওই ৫টি পদে মোট শূন্যপদ : ১,৬৯৯টি।

**ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-।।।** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা স্টেনোগ্রাফির সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। এন.আই.ই.এল.আই.টি. (ডোয়েক সোসাইটি) থেকে সি.সি.সি. সার্টিফিকেট আর কম্পিউটারে হিন্দি / ইংরিজি টাইপ রাইটিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ২৫টি /৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৮০০ টাকা। শূন্যপদ : ৩০৫টি।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। এন.আই.ই.এল.আই.টি. (ডোয়েক সোসাইটি) থেকে সি.সি.সি. সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটারে ইংরিজি ও হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ২৫টি শব্দ তোলার গতি থাকা দরকার। এছাড়াও পাটিগণিত, পরিমিতি, ল্যান্ড সার্ভেয়িং ও ম্যাপিংয়ের কাজে দক্ষতা থাকতে হবে। উর্দু ও হিন্দি ভাষায় কাজ চালানোর মতো বিশেষ জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। এছাড়াও গ্রেড পে ২,০০০ টাকা। শূন্যপদ : ৮১৯টি।

**পেইড অ্যাপ্রেন্টিস** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এন.আই.ই.এল.আই.টি. (ডোয়েক সোসাইটি) থেকে সি.সি.সি. সার্টিফিকেট কোর্স পাশ হলে আর কম্পিউটারে ইংরিজি ও হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ২৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। এছাড়াও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ২০২টি।

**ড্রাইভার (গ্রেড-IV)** : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। ট্রাফিক আইন সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। হিন্দি ও ইংরিজি ভাষায় লিখতে, বলতে পারা দরকার। শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৮২ থেকে ১-৭-২০০৪'র মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। এছাড়াও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ২৬টি।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৮২ থেকে ১-৭-২০০৪'র মধ্যে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : আগ্রা, আলিগড়, এলাহাবাদ, আজমগড়, বান্দা, বড়বাঁকি, বেরেলি, বস্তি, বিজনুর, বুলন্দশহর, চিত্রকোট, ফৈজাবাদ, গৌতমবুদ্ধ নগর, গাজিয়াবাদ, গন্ডা, গোরক্ষপুর, ঝাঁসি, কানপুর, কানপুর নগর, লখিমপুর খেরি, লক্ষ্ণৌ, মথুরা, মিরাট, মির্জাপুর, মোরাদাবাদ, মজঃফর নগর, রায়বেরেলি, সিতাপুর, উন্নাও, বারানসি।

গ্রুপ-ডি পদের বেলায় দু'টি পর্যায়ের লিখিত পরীক্ষা হবে। আর অন্যান্য পদের বেলায় একটি পর্যায়ে লিখিত পরীক্ষা হবে। সব পদের বেলায় প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। এইসব বিষয়ে: (১) ইংলিশ, (২) জেনারেল স্টাডিজ, (৩) অঙ্ক, (৪) হিন্দি। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

গ্রুপ-ডি পদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। এইসব বিষয়ে: (১) ইংলিশ, (২) জেনারেল স্টাডিজ, (৩) অঙ্ক, (৪) হিন্দি। এরপর সব পদের বেলায় স্কিল টেস্ট হবে।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও পেইড অ্যাপ্রেন্টিস পদের বেলায় ২৫ নম্বরের হিন্দি টাইপিং ও ২৫ নম্বরের ইংরিজি টাইপিং টেস্ট। টাইপিং টেস্ট হবে কম্পিউটারে। ড্রাইভার পদের বেলায় ড্রাইভিং টেস্ট হবে। স্টেনোগ্রাফার গ্রেড-।।। পদের বেলায় ২৫ নম্বরের হিন্দি টাইপিং ও ২৫ নম্বরের ইংরিজি টাইপিং টেস্ট। তারপর ৫০ নম্বরের শর্টহ্যান্ড টেস্ট। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং নেই। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.allahabadhighcourt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'The Uttar Pradesh Civil Court Staff Centralized Recruitment 2022-23'এ ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। তখন রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড ই-মেলে পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৮৫০ টাকা (গ্রুপ-ডি ও ড্রাইভার পদের বেলায় ৮০০) নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে দিতে পারবেন ১৩ নভেম্বরের মধ্যে। দরখাস্ত সংশোধন করতে পারবেন ১৫ ও ১৬ নভেম্বর। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## 'রাইস'এর RTST পরীক্ষার মাধ্যমে সরকারি চাকরির স্বপ্নপূরণ



**সরকারি চাকরির প্রার্থীদের জন্য, রাজ্যের চাকরি পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান RICE নিয়ে এল এক অভূতপূর্ব স্কলারশিপ। সামনেই আছে 'টেট', 'সি.জি.এল', 'ডব্লু.বি.সি.এস', 'ব্যাঙ্কিং' ইত্যাদি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় নিজেকে প্রমাণ করার সুযোগ। এই সুযোগের পথে যাতে অর্থ (কোর্স ফী) বাধা না হয়ে দাঁড়ায়, তাই RICE ব্যবস্থা করেছে এই স্কলারশিপের। এই পরীক্ষার বিস্তারিত বিবরণ শুনে নেওয়া যাক ওই প্রতিষ্ঠানের শিক্ষক সায়ন সুন্দর লাহিড়ীর কাছ থেকে।**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছেন, কেন্দ্রীয় সরকার নানান সরকারি দফতরে ২ বছরের মধ্যে ১০ লাখ কর্মী নিয়োগ করবে। এরমধ্যেই স্টাফ সিলেকশন কমিশনের তরফ থেকে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল ২০২২ সালের বিজ্ঞপ্তি বেরিয়েছে যেখানে ২০,০০০-এরও বেশি শূন্যপদ রয়েছে। পাশাপাশি রাজ্য সরকারেরও নানান নিয়োগ বিজ্ঞপ্তি ধীরে ধীরে বেরোচ্ছে। ১১ ডিসেম্বর প্রাইমারি TET-এর পরীক্ষা হতে চলেছে। এইসব বিষয়ের কথা মাথায় রেখে পশ্চিমবঙ্গের সেরা প্রতিষ্ঠান RICE ছেলেমেয়েদের জন্য নিয়ে এসেছে এক আকর্ষণীয় সুযোগ যার নাম 'RICE TALENT SCHOLARSHIP TEST' (RTST)। ১৯ নভেম্বর ও ২০ নভেম্বর RICE গোটা রাজ্যে অনলাইন মোডে মেগা RTST পরীক্ষা আয়োজন করতে চলেছে। মোট ৫০ নম্বরের পরীক্ষায় ইংলিশ, অঙ্ক, রিজনিং ও জেনারেল নলেজের ওপর প্রশ্ন থাকবে আর পরীক্ষার সময় হল ১ ঘণ্টা।

ছেলেমেয়েরা যারা এই পরীক্ষায় অংশ নেবে তাদেরকে RICE-এর তরফ থেকে পরীক্ষার সময় ও যাবতীয় প্রয়োজনীয় তথ্য জানিয়ে দেওয়া হবে। সাধারণত প্রতিযোগিতামূলক পরীক্ষায় ক্লাস ৯-১০ লেভেলের যে প্রশ্ন থাকে, এই RTST পরীক্ষাতেও ঠিক তেমনি ধরনের প্রশ্ন থাকবে ও প্রশ্নের মান খুবই সহজ হবে। এই পরীক্ষায় ভালো ফল করলে RICE-এর নানান কোর্সে ভরতির জন্য ছেলেমেয়েরা ৫০% পর্যন্ত স্কলারশিপ পেতে পারেন। এই অভাবনীয় সুযোগ পেতে এখনি www.ricesmart.in/rtst এই ঠিকানায় লগ ইন করে রেজিস্ট্রেশন করুন। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৭ নভেম্বর ২০২২। প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফল হতে গেলে সঠিক প্রস্তুতি ও প্রশ্নের উত্তর দেওয়ার সঠিক কৌশল জানা দরকার। এই প্রস্তুতি ও কৌশল শেখাতে গোটা ভারতে RICE আজো অনন্য। বিগত ৩৭ বছর ধরে কয়েক লাখ ছেলেমেয়ে RICE থেকে প্রস্তুতি নিয়ে চূড়ান্তভাবে সফল হয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নানান দফতরে রয়েছেন।

## এক দৃষ্টিতে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৮ অক্টোবর** : ভারতের নতুন 'কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' হিসাবে মনোনীত হলেন ভারতী দাশ।

❑ সঞ্জয় মলহোত্রাকে নতুন রাজস্ব সচিব হিসাবে মনোনীত করল কেন্দ্রীয় সরকার।

❑ আনুষ্ঠানিকভাবে সোমবার দিনটিকে 'সপ্তাহের সবথেকে খারাপ দিন' হিসাবে ঘোষণা করল 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'। 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'এর মতে, সোমবার দিনটিতে কর্মীদের কাজের গতি বেশ কিছুটা ধীরগতি সম্পন্ন হয়। তাই, বিশ্বের সব মানুষের ওপর সমীক্ষা করে ও তাদের মনোভাবকে গুরুত্ব দিয়ে সপ্তাহের সবথেকে খারাপ দিন হিসাবে সোমবার দিনটিকে চিহ্নিত করল তারা।

❑ মানসম্মত শিক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার সুবিধা করে দিতে, রাজ্যের প্রথম সরকারি ইংরিজি মাধ্যম কলেজের উদ্বোধন করলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী ড.মানিক সাহা। আগরতলার কুঞ্জবনের পুরনো জেলা শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে চালু হওয়া এই কলেজটির নাম 'শ্রী অরবিন্দ জেনারেল ডিগ্রি কলেজ'। পরবর্তী সময় ধাপে ধাপে এই কলেজের পরিকাঠামোগত উন্নয়ন করা হবে।



২০২২ সালে পুরুষদের বিভাগে "ব্যালন ডি'অর" (গোল্ডেন বল পুরস্কার) জিতলেন পেশাদার ফরাসি ফুটবলার করিম বেঞ্জেমা। পঞ্চম ফরাসি ফুটবলার হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। অন্যদিকে, মহিলাদের বিভাগে "ব্যালন ডি'অর" (ব্যালন ডি'অর ফেমিনিন পুরস্কার) জিতলেন স্পেনের জাতীয় দল তথা বার্সেলোনার ফুটবলার অ্যালেক্সিয়া পুতেল্লাস। টানা দ্বিতীয়বার এই পুরস্কার পেলেন তিনি। এছাড়াও, এই পুরস্কারে 'বর্ষসেরা উঠতি খেলোয়াড়'এর (কোপা পুরস্কার) সম্মান পেলেন বার্সেলোনার ফুটবলার গাবি। সামাজিক, আর্থিক ও নানা বাধা অতিক্রম করে যাঁরা ফুটবলকে এগিয়ে নিয়ে যান, তাঁদের জন্য এ'বছর থেকে চালু করা হয়েছে 'সক্রেটিস ট্রফি'। উদ্বোধনী এই পুরস্কার জিতলেন সেনেগালের ফুটবলার সাদিও মানে। 'সেরা গোলরক্ষক'এর (লেভ ইয়াসিন ট্রফি) পুরস্কার জিতলেন থিবাউ কুর্তোয়া। অন্যদিকে, 'বর্ষসেরা ক্লাব'এর পুরস্কার জিতল 'ম্যাঞ্চেস্টার সিটি'।

❑ দিল্লিতে ৪টি জেলা সৈনিক বোর্ড স্থাপনের অনুমোদন দিলেন লেফটেন্যান্ট গভর্নর বিনাই কুমার সাক্সেনা, যেগুলি প্রাক্তন সৈনিক বা তাঁদের বিধবা স্ত্রী বা তাঁদের ওপর নির্ভরশীল ব্যক্তিদের জন্য পুনর্বাসন ও কল্যাণমূলক প্রকল্পের ব্যবস্থা করবে। দক্ষিণ-পশ্চিম, পূর্ব ও শাহদারা, উত্তর-পশ্চিম আর মধ্য ও নয়াদিল্লি জেলার প্রতিটিতে এই সৈনিক বোর্ডগুলি স্থাপিত হবে। এই পদক্ষেপের ফলে, প্রায় ৭৭,০০০ প্রাক্তন সৈন্য বা তাঁদের বিধবা স্ত্রী বা তাঁদের ওপর নির্ভরশীল ব্যক্তিরা উপকৃত হবেন।

**১৯ অক্টোবর** : 'ইন্ডিয়া ট্রেড প্রোমোশন অর্গানাইজেশন'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন প্রদীপ সিং খারোলা।

❑ 'ইসরো'র 'আদিত্য-এল১' মিশনের প্রধান বিজ্ঞানী হিসাবে মনোনীত হলেন ড.শঙ্করসুব্রহ্মণ্যন কে.।

❑ 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন দীপেন্দ্র সিং রাঠোর।

❑ 'টেলিকম রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া'র তথ্য অনুসারে, 'বিএসএনএল'কে ছাড়িয়ে, আগস্টে প্রথমবারের মতো দেশের বৃহত্তম ল্যান্ডলাইন পরিষেবা প্রদানকারী টেলিকম সংস্থায় পরিণত হল মুকেশ আম্বানি নেতৃত্বাধীন 'রিলায়েন্স জিও'। ৩১ আগস্ট পর্যন্ত, ৭.৩৫ মিলিয়ন ল্যান্ডলাইন সংযোগ করে এই সম্মান অর্জন করল 'জিও'। অন্যদিকে, ৭.১৩ মিলিয়ন ল্যান্ডলাইন সংযোগ নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে 'বিএসএনএল'। তৃতীয় স্থানে থাকা 'এমটিএনএল' ২.৬ মিলিয়ন সংযোগ প্রদান করেছে।

❑ 'পান্না বাঘ সংরক্ষণাগার'এর বাঘেদের জন্য একটি নতুন সংরক্ষণাগার তৈরির অনুমোদন দিল 'মধ্য প্রদেশ ওয়াইল্ডলাইফ বোর্ড'। মধ্য প্রদেশের নরসিংহপুর, দামোহ ও সাগর জেলায় ২,৩৩৯ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত থাকবে এই সংরক্ষণাগার, যেটির নাম হবে 'দুর্গাবতী বাঘ সংরক্ষণাগার'। এই নতুন সংরক্ষণাগারে বাঘের স্বাভাবিক চলাচলের জন্য 'দুর্গাবতী'র সঙ্গে 'পান্না বাঘ সংরক্ষণাগার'কে সংযুক্ত করা হবে, যে'জন্য একটি সবুজ করিডর তৈরি করা হবে বলে জানা গেছে। এই সংরক্ষণাগারের ১,৪১৪ বর্গ কিলোমিটার এলাকা কোর এলাকা ও বাকি ৯২৫ বর্গ কিলোমিটার এলাকা বাফার এলাকা হিসাবে ঘোষণা করার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। এই নতুন বাঘ সংরক্ষণাগারটি কেন-বেতোয়া নদী সংযোগ প্রকল্পের জন্য পান্নার বন্যপ্রাণী ব্যবস্থাপনা পরিকল্পনার একটি অংশ।

❑ গুজরাতের রাজধানী শহর গান্ধীনগরের কাছে আদালাজ গ্রামে ত্রিমন্দিরে, 'মিশন স্কুলস অফ এক্সেলেন্স'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই মিশনটি গুজরাতে স্কুলগুলিতে নতুন ক্লাসরুম, স্মার্ট ক্লাস রুম, কম্পিউটার ল্যাব স্থাপন ও স্কুলগুলির পরিকাঠামো তথা শিক্ষার পরিকাঠামো উন্নয়নে সাহায্য করবে।

❑ শকুন সংরক্ষণের জন্য একটি রাজ্য স্তরের কমিটি গঠন করল তামিলনাড়ু সরকার। ১০ সদস্য বিশিষ্ট এই কমিটির নেতৃত্বে থাকবেন রাজ্যের প্রধান বন সংরক্ষক। এছাড়াও, অন্য সদস্যদের মধ্যে থাকবেন পশুপালন বিভাগের প্রধান, ড্রাগ কন্ট্রোলার, খাদ্য নিরাপত্তা ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের বিভিন্ন সদস্যরা ও এনজিও'র প্রতিনিধিরা। এই কমিটি গবাদি পশু ও বন্য প্রাণীর মৃতদেহ মূল্যায়ন করবে, যাতে শকুনরা কোনো ক্ষতিকারক পদার্থ না খেয়ে ফেলে। এছাড়াও, মৃতদেহের আঁস্তাকুড়ের বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বিষয়েও কাজ করবে এই কমিটি।

❑ স্পেনে অনুষ্ঠিত 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ গ্রেকো রোমান কুস্তিতে ৭৭ কেজি ওজন বিভাগে ব্রঞ্জ পদক জিতে ইতিহাস গড়লেন ভারতের সাজন ভানওয়ালা। তিনিই বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপে গ্রেকো রোমান কুস্তিতে পদক জয়ী প্রথম ভারতীয়। রেপেচেজ ফাইনালে ইউক্রেনের দিমিত্রো ভাসেটস্কি'কে হারিয়ে এই পদক জিতেছেন তিনি।

❑ ২০২৩ সালে ৩১ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত মধ্য প্রদেশে অনুষ্ঠিত হবে পঞ্চম 'খেলো ইন্ডিয়া যুব গেমস'। কেন্দ্রীয় যুব ও ক্রীড়া মন্ত্রী অনুরাগ ঠাকুর এই ঘোষণা করেন। ৮ হাজার পাঁচশোরও বেশি ক্রীড়াবিদ এই প্রতিযোগিতায় অংশ নেবেন।

❑ ২০২২ সালে 'মেল্টওয়াটার চ্যাম্পিয়ন্স চেজ ট্যুর' জিতলেন ম্যাগনাস কার্লসেন।

**২০ অক্টোবর** : মর্যাদাপূর্ণ 'আকাদেমিয়া অপথ্যালমোলজিক্যাল ইন্টারন্যাশনালিস'এর সদস্য হিসাবে মনোনীত হলেন 'এল ভি প্রসাদ আই ইনস্টিটিউট'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান ড.প্রশান্ত গর্গ। পঞ্চম ভারতীয় ব্যক্তি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ ভারতীয় বক্সিংয়ের জন্য, হাই-পারফরম্যান্স ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন প্রাক্তন আইরিশ পেশাদার বক্সার বার্নার্ড ডান।

❑ 'আন্তর্জাতিক সৌর জোট'এর সভাপতি ও সহ-সভাপতি দেশ হিসাবে পুনঃনির্বাচিত হল ভারত ও ফ্রান্স। সংস্থার পঞ্চম সাধারণ অধিবেশনে, 'আন্তর্জাতিক সৌর জোট'এর সভাপতি হিসাবে পুনঃনির্বাচিত হয়েছেন কেন্দ্রীয় বিদ্যুৎ ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি বিষয়ক মন্ত্রী রাজ কুমার সিং ও সহ-সভাপতি হিসাবে পুনঃনির্বাচিত হয়েছেন ফ্রান্সের উন্নয়ন প্রতিমন্ত্রী ক্রিসৌলা জাকারোপৌলু। প্রসঙ্গত উল্লেখ্য, 'আন্তর্জাতিক সৌর জোট' হল একটি আন্তর্জাতিক সংগঠন, যারা কার্বনমুক্ত ভবিষ্যতের জন্য সৌরশক্তিই যে একটি সুস্থায়ী পথ, তা প্রচার ও প্রসারের লক্ষ্যে কাজ করে।

❑ টেনিস তারকা নোভাক জকোভিচের নামানুসারে, একটি নতুন প্রজাতির পোকার নামকরণ করলেন সার্বিয়ান বিজ্ঞানীরা। টেনিস কোর্টে জকোভিচের গতি, শক্তি, নমনীয়তা, স্থায়িত্ব ও কঠিন পরিবেশে টিকে থাকার ক্ষমতার কারণে এই সম্মান পেলেন তিনি। এই নতুন প্রজাতির পোকাটি ইউরোপে গ্রাউন্ড বিটলসের 'ডুভালিয়াস' প্রজাতির অন্তর্গত, যা বেশ কয়েক বছর আগে পশ্চিম সার্বিয়ার একটি ভূগর্ভস্থ গর্ত থেকে আবিষ্কৃত হয়েছিল। পোকাটির নাম রাখা হয়েছে 'ডুভালিয়াস ডকোভিচি'।

❑ পর্তুগালের আজোরেস দ্বীপপুঞ্জের ফয়েল দ্বীপ থেকে উদ্ধার হল বিশ্বের সবথেকে বেশি ওজনের মাছ। বিশালাকার এই 'বনি ফিশ'টিই এখনও পর্যন্ত বিশ্বের সবথেকে বেশি ওজনের মাছ বলে মনে করা হচ্ছে। এই মাছটির ওজন ৩ টন বা ৬,০৪৯ পাউন্ড (২,৭৪৪ কেজি)। এর আগে এত ওজনের মাছ পাওয়া গিয়েছিল জাপানে। ১৯৯৬ সালে জাপানের কামোগাওয়াতে একটি বিশালাকার সানফিশ উদ্ধার করা হয়েছিল, যার ওজন ছিল ২,৩০০ কেজি। এতদিন পর্যন্ত জাপানে উদ্ধার হওয়া মাছটিই বিশ্বের সবথেকে বেশি ওজনের মাছ হিসাবে পরিচিত ছিল। কিন্তু সেই রেকর্ড এবার ভেঙে গেল।



মাত্র ৪৫ দিন দায়িত্ব পালন করার পর, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন লিজ ট্রাস। প্রসঙ্গত উল্লেখ্য, তিনি ক্ষমতায় আসার পর অর্থমন্ত্রী ক্বাওয়াসি কাওয়ারতেংকে দিয়ে ৪৫ বিলিয়ন ডলার কর ছাড় দেওয়ার একটি প্রস্তাব উত্থাপন করেন, যেটিকে তাঁরা 'মিনি বাজেট' হিসাবে আখ্যায়িত করেন। কিন্তু তাঁদের এই বাজেটের কারণে টালমাটাল হয়ে যায় দেশটির অর্থনীতি। যার ফলে, মার্কিন ডলারের বিপরীতে ব্রিটিশ পাউন্ডের রেকর্ড দরপতন হয়। এই সিদ্ধান্তের জন্যই পদত্যাগ করতে বাধ্য হলেন লিজ ট্রাস।

❑ ভারতের অ্যান্ড্রয়েড মোবাইল ডিভাইস সংক্রান্ত ব্যবসায় প্রভাব খাটানোর অভিযোগে, সার্চ ইঞ্জিন জায়ান্ট 'গুগল'কে ১,৩৩৭ কোটি টাকা জরিমানা করল 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া'। সেইসঙ্গে সবরকম অর্থনৈতিক কাজও অবিলম্বে বন্ধ করে দিতে বলা হয়েছে গুগলকে। ভারতের বাজারে প্রভাবশালী অবস্থান অপব্যবহার করার জন্য গুগলের বিরুদ্ধে কড়া অবস্থান নেয় ভারতের অ্যান্টি ট্রাস্ট ওয়াচডগ। 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া'র তরফ থেকে জানানো হয়েছে, প্রতিযোগিতামূলক বাজারে আধিপত্য ধরে রাখার জন্য অনৈতিকভাবে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমকে হাতিয়ার করে প্রতিযোগীদের বাজারে আসতে দিচ্ছে না গুগল। ফলে, অন্যদের তুলনায় অনেক বেশি লাভবান হচ্ছে এই সংস্থা। অর্থাৎ, প্রভাব খাটিয়ে জোর করে অ্যান্ড্রয়েড মোবাইল ফোনের দুনিয়ায় একচ্ছত্র আধিপত্য বিস্তার করতে চাইছে তারা। এর ফলে প্রতিযোগিতার শর্ত লঙ্ঘন করেছে গুগল। এই অভিযোগের ভিত্তিতেই এই জরিমানা করল ভারত।

**২১ অক্টোবর** : 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান হিসাবে পুনর্নির্বাচিত হলেন এ.কে.গোয়েল।



'ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ ফিল্ম ক্রিটিক্স'এর তরফ থেকে, সর্বকালের সেরা ভারতীয় চলচ্চিত্রের খেতাব পেল কিংবদন্তি পরিচালক সত্যজিৎ রায়ের পরিচালিত বাংলা চলচ্চিত্র 'পথের পাঁচালী'। এই তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ঋত্বিক ঘটকের 'মেঘে ঢাকা তারা' ও মৃণাল সেনের 'ভুবন সোম'। সর্বকালের সেরা ১০টি ভারতীয় চলচ্চিত্রের তালিকা প্রকাশ করেছে 'ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ ফিল্ম ক্রিটিক্স'। তাদের ৩০ জন সদস্য এই ভোটে অংশ নিয়েছিলেন। সেই অনুসারে পোলের ফলাফলের ওপর ভিত্তি করে প্রথম স্থান পেল 'পথের পাঁচালী'। ১৯৫৫ সালের এই চলচ্চিত্রটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বাংলা উপন্যাস অবলম্বনে তৈরি হয়েছে।

❑ 'কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন জক্ষয় শাহ।

❑ ভারতের নতুন রাজস্ব সচিব হিসাবে মনোনীত হলেন সঞ্জয় মলহোত্রা।

❑ ভারতের নতুন প্রতিরক্ষা সচিব হিসাবে মনোনীত হলেন আরামানে গিরিধর।

❑ কেরালার এর্নাকুলাম জেলার ১৫টি স্কুলে 'অনেস্টি শপ' চালু হল। এই অনেস্টি শপগুলি হল 'স্টুডেন্ট পুলিশ ক্যাডেট' প্রকল্পের একটি অংশ, যার লক্ষ্য হল, ছাত্র-ছাত্রীদের মধ্যে সত্য ও সততা সম্পর্কে মূল্যবান পাঠ দেওয়া। এই অনেস্টি শপ কাউন্টারে কোনো সেলসম্যান থাকবেন না ও ছাত্র-ছাত্রীরা ওই শপে রাখা সংগ্রহ বাক্সে প্রতিটি জিনিসের জন্য টাকা ফেলতে পারবে। এই অনেস্টি শপে মূলত স্কুলের বিভিন্ন উপাদান, যেমন : নোটবুক, পেন, পেন্সিল বক্স, রাবার, চার্ট পেপার ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র থাকবে।

❑ প্রথম এশিয়ান-মার্কিনি হিসাবে, মার্কিনি মুদ্রায় স্থান পাচ্ছেন প্রয়াত হলিউড অভিনেত্রী আন্না মে ওং। প্রায় ১০০ বছর আগে হলিউডের অভিনেত্রী ছিলেন তিনি। ইতিহাসে অবদান ও সাফল্যকে কুর্নিশ জানিয়ে, দেশের বিভিন্ন প্রান্তের নানা সময়কালের, নানা পেশার ও নানা জাতির মহিলাদের ছবি এ'বছর থেকেই স্থান পাচ্ছে মুদ্রায়। এদিন থেকে আন্নার ছবি দেওয়া ২৫ পয়সার মুদ্রা টাঁকশাল থেকে বেরোনো শুরু হল। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিভা ও সৌন্দর্য থাকা সত্ত্বেও অনেক বৈষম্য ও অন্যায়ের বিরুদ্ধে লড়তে হয়েছে এই অভিনেত্রীকে।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ ২০২১ ও ২০২২ সালের জন্য, 'ন্যাশনাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি পুরস্কার' পেল 'আইআইটি মাদ্রাজ'। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল এই পুরস্কার দিয়েছেন। পেটেন্ট ফাইলিং, অনুদান ও বাণিজ্যিকীকরণের জন্য শীর্ষ ভারতীয় আকাদেমিক প্রতিষ্ঠানকে এই পুরস্কার দেওয়া হয়।

❑ রাজ্যের সম্পূর্ণ ট্যাক্সি ইন্ডাস্ট্রির জন্য কমন মোবাইল অ্যাপ চালু করার সিদ্ধান্ত নিল গোয়া সরকার। এই বিষয়ে আলোচনা করতে, রাজ্যের পর্যটন মন্ত্রী রোহন খাণ্ডে ও রাজ্যের পরিবহণ মন্ত্রী মাউভিন গোডিনহো'র সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত।

❑ প্রাক্তন ভারতীয় ক্রিকেটার যুবরাজ সিংকে, অন্ধদের জন্য তৃতীয় টোয়েন্টি-২০ বিশ্বকাপের জন্য প্রচারদূত হিসাবে মনোনীত করল 'ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ইন্ডিয়া'।

**২২ অক্টোবর :** ৩ বছরের জন্য, 'আইসিআইসিআই ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে আবার মনোনীত হলেন সন্দীপ বক্সি।

ইতালির প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন জর্জিয়া মেলোনি।



❑ এই নিয়ে তৃতীয়বারের জন্য, চিনের প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন শি জিনপিং।

❑ অর্থ পাচার ও সন্ত্রাসবাদী কর্মকাণ্ডে অর্থায়নের অভিযোগে, মায়ানমারকে 'কালো তালিকাভুক্ত' করল সন্ত্রাসবাদী সংগঠনগুলির আর্থিক লেনদেনের ওপর নজরদারি করা সংস্থা 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'। সংস্থাটি তার সদস্য দেশগুলিকে মায়ানমারের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক ও লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের আহ্বান জানিয়েছে। 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর উচ্চ-ঝুঁকিপূর্ণ তালিকাকে সাধারণত 'কালো' তালিকা হিসাবে উল্লেখ করা হয়। এই তালিকায় নাম ওঠার অর্থ হল, দেশটিতে অর্থপাচার নিয়ন্ত্রণে দুর্বল ব্যবস্থাপনা ও সন্ত্রাসবাদ মোকাবিলায় দুর্বল নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা।

❑ 'অগ্নি' সিরিজের নতুন ক্ষেপণাস্ত্র 'অগ্নি প্রাইম'এর পরীক্ষামূলক উৎক্ষেপণ করল ভারত। পরমাণু অস্ত্র বহনে সক্ষম এই ক্ষেপণাস্ত্রটি ১-২ হাজার কিলোমিটার পর্যন্ত নিখুঁতভাবে নিশানায় আঘাত হানতে পারে। এই ক্ষেপণাস্ত্রটি হালকা মিশ্র ধাতু দিয়ে তৈরি হওয়ায় এর ওজন অত্যন্ত কম। ফলে, ওজন কম হওয়ায় রেল বা সড়ক পথে বিশেষ সামরিক যান থেকে পরমাণু অস্ত্র বহনে সক্ষম এই ক্ষেপণাস্ত্রটি ছোঁড়া যাবে।

❑ মুম্বইয়ে, ভারতের প্রথম 'মাইগ্রেশন মনিটরিং সিস্টেম' উদ্বোধন করলেন মহারাষ্ট্রের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী মঙ্গলপ্রভাত লোধা। ওয়েবসাইট ভিত্তিক এই মাইগ্রেশন ট্র্যাকিং সিস্টেম, অসুরক্ষিত মরশুমি অভিবাসী সুবিধাভোগীদের গতিবিধি ট্র্যাক করবে। এই 'মাইগ্রেশন মনিটরিং সিস্টেম'এর লক্ষ্য হল, অভিবাসী গর্ভবতী মহিলা, স্তন্যদানকারী মহিলা ও শিশুদের সম্পর্কে তথ্য প্রদান করা।

❑ দীপাবলি উপলক্ষে, একসঙ্গে ১৫.৭৬ লাখ প্রদীপ জ্বালিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস' গড়ল উত্তর প্রদেশ। রাজ্যের 'আওয়াধ বিশ্ববিদ্যালয়'এর পড়ুয়ারা মিলেই প্রদীপ জ্বালানোর এই বিরাট কর্মযজ্ঞকে সফল করেছেন। অযোধ্যার 'সরযূ' নদীর তীরে 'রাম কি প্যায়ড়ি' ঘাটে ২২ হাজারেরও বেশি স্বেচ্ছাসেবক একসঙ্গে এত প্রদীপ জ্বালিয়েছেন। এছাড়াও, শহরের বাকি গুরুত্বপূর্ণ মোড় ও জায়গায়ও জ্বালানো হয়েছে প্রদীপ। এই নিয়ে ষষ্ঠবার অযোধ্যায় পালিত হল দীপোৎসব। এই দীপোৎসব দেখতে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তর ক্যারোলিনা রাজ্যের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান 'অর্ডার অফ দ্য লং লিফ পাইন' পেলেন বিশিষ্ট ভারতীয়-মার্কিন উদ্যোক্তা তথা কর্মী স্বদেশ চ্যাটার্জি। গত ৫ দশকে ভারত-মার্কিন সম্পর্ককে শক্তিশালী করার ক্ষেত্রে অপরিসীম অবদানের জন্য পরিচিত তিনি।

**২৩ অক্টোবর :** ২০২২ সালে 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র তরফ থেকে, 'ন্যাশনাল ডিজিটাল ট্রান্সফর্মেশন পুরস্কার' (ডিএক্স ২০২২ পুরস্কার) পেল কর্ণাটক ব্যাঙ্ক। 'ব্যাঙ্কিং, ফিনান্সিয়াল সার্ভিসেস ও ইন্সিওরেন্স' বিভাগের অধীনে ডিজিটাল রূপান্তরের সর্বোত্তম অনুশীলনের জন্য এই পুরস্কার পেল তারা।

❑ উত্তর প্রদেশের দুধওয়া-পিলিভিট'এ 'তেরাই হাতি সংরক্ষণাগার' স্থাপনের বিষয়ে অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। তেরাই হাতি সংরক্ষণাগার হল ভারতের তৃতীয় হাতি সংরক্ষণাগার, যা ৩,০৪৯ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত। তেরাই হাতি সংরক্ষণাগারের মধ্যে রয়েছে সংরক্ষিত এলাকা, বনাঞ্চল ও বন্য হাতিদের সংরক্ষণের জন্য করিডোর। দুধওয়া ও পিলিভিট বাঘ সংরক্ষণাগারের যৌথ বনাঞ্চলে এই হাতি সংরক্ষণাগার তৈরি করা হবে।

❑ পর্যটকদের আকর্ষণ করতে, সিন্ধুদুর্গের আদলে দীঘায় আন্ডারওয়াটার পার্ক গড়ার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। সাবমেরিন মিউজিয়ামের লাগোয়া জায়গায় গড়ে তোলা হবে এই আন্ডারওয়াটার পার্ক। এর ফলে, জলের তলায় সামুদ্রিক দৃশ্য ও সামুদ্রিক প্রাণীদের চলাফেরা দেখতে পাবেন পর্যটকরা। 'হাউজিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন' এই প্রকল্প তৈরি করার দায়িত্ব নিয়েছে। টিকিট কেটে ঢোকা যাবে এই পার্কে।

❑ স্পেনের পন্টেভেদ্রায় অনুষ্ঠিত, 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ৫৭ কেজি বিভাগে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন আমান সেহরাওয়াত। প্রথম ভারতীয় কুস্তিগির হিসাবে এই সম্মান পেলেন তিনি। তুরস্কের আহমেত দুমানকে ১২-৪ ব্যবধানে হারিয়ে, এই খেতাব জিতলেন ১৯ বছর বয়সি আমান।

মারা গেলেন বিশ্বের সবথেকে নোংরা ব্যক্তি'র তকমা পাওয়া ইরানের



বাসিন্দা আমৌ হাজি (৯৪ বছর)। দীর্ঘ ৬০ বছরেরও বেশি সময় ধরে জল বা সাবান দিয়ে স্নান করেননি তিনি। তাঁর গায়ে নোংরার আস্তরণ পড়ে গিয়েছিল। মাত্র কয়েক মাস আগে স্থানীয় গ্রামবাসীরাই জোর করে স্নান করাতে নিয়ে যান তাঁকে। এই ঘটনার কয়েক মাস পরেই মারা গেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, তাঁর জীবনীর ওপর ২০১৩ সালে 'দ্য স্ট্রেঞ্জ লাইফ অফ আমৌ হাজি' নামে একটি শর্ট ডকুমেন্টারি তৈরি করা হয়েছিল।

**২৪ অক্টোবর :** ভারতে, মার্কিন যুক্তরাষ্ট্রের অন্তর্বর্তীকালীন রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন এলিজাবেথ জোনস।

❑ প্রথম এশীয় তথা প্রথম ভারতীয় হিসাবে, দলিত কর্মী ও প্রাক্তন অধ্যাপিকা ড. অশ্বিনী কে.পি'কে বর্ণবাদ ও সংশ্লিষ্ট অসহিষ্ণুতার বিষয়ে স্বাধীন বিশেষজ্ঞ হিসাবে মনোনীত করল 'ইউনাইটেড নেশনস হিউম্যান রাইটস কাউন্সিল'।

❑ ২০২২ সালে 'এডেলগিভ হারুন ইন্ডিয়া ফিলানথ্রপি' তালিকায়, দেশের সবথেকে উদার ব্যক্তি হিসাবে শীর্ষে স্থান পেলেন 'এইচসিএল'এর প্রতিষ্ঠাতা শিব নাদার, যিনি ১ বছরে সমাজসেবা খাতে ১,১৬১ কোটি টাকা দান করেছেন। দিনে প্রায় ৩ কোটি টাকা অনুদান দিয়েছেন তিনি। এই তালিকার দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে 'উইপ্রো'র আজিম প্রেমজি (৪৮৪ কোটি টাকা) ও 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর কর্ণধার মুকেশ আম্বানি (৪১১ কোটি টাকা)।

❑ রসগোল্লা, বিকানেরি ভুজিয়া ও রাতলামি সেভ-সহ অন্যান্য ১৭টি খাদ্য সামগ্রীকে হারিয়ে, খাদ্য বিভাগে 'সবথেকে জনপ্রিয় জিআই' পুরস্কার পেল তেলেঙ্গানার হায়দ্রাবাদি হালিম। ২০১০ সালে প্রথমবার হায়দ্রাবাদি হালিমকে 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন'মর্যাদা দেওয়া হয়েছিল ও এই ট্যাগ পাওয়া ভারতে এটিই ছিল প্রথম আমিষ জাতীয় খাবার। ২০১৯ সালের ডিসেম্বরে এর মেয়াদ শেষ হয়। পরে, জিওগ্রাফিক্যাল ইন্ডিকেটর রেজিস্ট্রার ১০ বছরের জন্য এই খাবারটির ট্যাগ পুনর্নবীকরণ করেন। প্রসঙ্গত উল্লেখ্য, হায়দ্রাবাদি হালিম হল বিভিন্ন ধরনের ডাল, গম, মাংস ও গরম মশলার সিদ্ধ করা ঘন মিশ্রণ। এটি খুবই উচ্চ ক্যালরি যুক্ত খাবার, যা দ্রুত হজম হয়।

❑ ২০২৩ সাল থেকে দিওয়ালি'তে সরকারি স্কুলে ছুটি ঘোষণা করল নিউইয়র্ক প্রশাসন। স্কুলের প্রতিষ্ঠা দিবসের ছুটি বদলে এবার থেকে দিওয়ালিতে ছুটি থাকবে বলে এদিন ঘোষণা করেছেন মার্কিন যুক্তরাষ্ট্রের এই শহরের মেয়র এরিক অ্যাডামস। দীপাবলিকে সরকারি ছুটি ঘোষণার দাবি দীর্ঘদিন ধরে জানিয়ে আসছিলেন সেখানে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূতরা। শেষপর্যন্ত সেই দাবি মেনে এই ছুটি ঘোষণা করা হল।

❑ ২০২২ সালে 'মার্কিন যুক্তরাষ্ট্র গ্রাঁ প্রি' জিতলেন 'রেড বুল'এর রেসিং ড্রাইভার বেলজিয়াম-ডাচ ম্যাক্স ভারস্টাপেন।

**২৫ অক্টোবর :** রাষ্ট্রসংঘের 'এয়ার ট্রান্সপোর্ট কমিটি'র চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন শেফালি জুনেজা।

যুক্তরাজ্যের প্রথম ভারতীয় বংশোদ্ভূত প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন ঋষি সুনক।



❑ 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া'র ভারপ্রাপ্ত চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন সঙ্গীতা বর্মা।

❑ গাঁজাকে বৈধ ঘোষণা করার পরিকল্পনার প্রস্তাবে স্বীকৃতি দিল জার্মান মন্ত্রিসভা। এই সিদ্ধান্ত কার্যকর হলে ব্যক্তিগত বিনোদনের জন্য ২৮ গ্রামের কিছু বেশি গাঁজা নিজের কাছে রাখতে পারবেন জার্মান নাগরিকরা। পাশাপাশি ব্যবসায়ীরাও গাঁজা চাষ ও বিক্রির অনুমতি পাবেন। তবে, এই পরিকল্পনা বাস্তবায়িত করতে বেশ কিছু বাধা পার করতে হবে দেশটিকে। জার্মানিতে গাঁজা বৈধ হলে, এটিই হবে মূল ইউরোপের প্রথম দেশ, যারা গাঁজাকে বৈধ বলে ঘোষণা করবে। এখন জার্মানিতে শুধুমাত্র মৃত্যুপথযাত্রী রোগীদের চিকিৎসায় গাঁজার ব্যবহার বৈধ। প্রসঙ্গত উল্লেখ্য, ইউরোপের মূল ভূখণ্ডে গাঁজা সেবন নিষিদ্ধ। তবে, মাল্টায় এর বৈধতা রয়েছে।

❑ রাজস্থানে সবুজ হাইড্রোজেন ও সবুজ অ্যামোনিয়া প্রকল্প স্থাপনের জন্য ২২,৪০০ কোটি টাকা বিনিয়োগ করার সিদ্ধান্ত নিল 'অ্যাকমে গ্রুপ'এর একটি ইন্টিগ্রেটেড প্ল্যাটফর্ম 'অ্যাকমে গ্রিন'। এ জন্য রাজস্থান সরকারের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল তারা। এই চুক্তির অধীনে, রাজ্যের কোটা জেলায় একটি ইন্টিগ্রেটেড বার্ষিক ৩,৬৫,০০০ টন ক্ষমতাসম্পন্ন সবুজ হাইড্রোজেন ও সবুজ অ্যামোনিয়া প্ল্যান্ট তৈরি করবে 'অ্যাকমে গ্রিন'। এর ফলে, ৩২ হাজারেরও বেশি প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

**২৬ অক্টোবর :** বিভিন্ন রকমের বাদ্যযন্ত্রে মানুষ ছাড়াও কোন প্রাণীর কেমন ক্ষমতা, সেই গবেষণা করে বিশ্বজুড়ে আলোড়ন তুললেন 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট'এর গবেষকরা। এই গবেষণা অনুযায়ী, শিম্পাঞ্জি একেবারে মানুষের মতোই তালে তাল দিতে পারে। ঠিক তার পরেই রয়েছে ওরাংওটাং, গরিলা ও সাধারণ শিম্পাঞ্জি। এলসেভিয়ার প্রকাশনা সংস্থার ইন্টারন্যাশনাল জার্নাল অফ বায়োলজিক্যাল ম্যাক্রোমলিকিউলস পত্রিকায় প্রকাশিত হয়েছে এই গবেষণাপত্রটি।

❑ মহিলাদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর স্থান নিশ্চিত করতে, 'মহিলা-বান্ধব পার্ক' প্রকল্প চালু করল কেরালার পর্যটন বিভাগ। এই প্রকল্পের অধীনে রয়েছে, জল-উদ্যানে ট্রিম পার্কের, যার মধ্যে রয়েছে খাবার, বাসস্থান, পরিবহণ ও কমিউনিটি গাইড, যা মহিলাদের মাধ্যমে নিযুক্ত ও পরিচালিত হবে।

❑ কৃষকদের কল্যাণের জন্য, 'SAFAL' (সিম্পলিফায়েড অ্যাপ্লিকেশন ফর অ্যাগ্রিকালচারাল লোনস) নামে একটি কমন ক্রেডিট পোর্টাল চালু করলেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। 'SAFAL' হল ভারতের প্রথম অনলাইন কৃষি ঋণ সুবিধা পোর্টাল। এর ফলে, কৃষক ও কৃষি উদ্যোক্তারা ৪০টিরও বেশি অংশীদার ব্যাঙ্ক থেকে ৩০০টির বেশি মেয়াদী ঋণ পণ্য নিতে পারবেন।

❑ ১০০% 'হর ঘর জল' রাজ্য হিসাবে ঘোষিত হল গুজরাত। 'জল জীবন মিশন'এর অধীনে, গ্রামীণ এলাকায় ১০০% কলের জলের সংযোগের মাইলফলক অর্জন করল তারা। সরকারি রেকর্ড অনুযায়ী, রাজ্যের প্রায় ৯১,৭৩,৩৭৮ বাড়িতে কলের জলের সংযোগ রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৯ সালে 'জল জীবন মিশন' চালু করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, যার লক্ষ্য হল, ২০২৪ সালের মধ্যে গ্রামীণ ভারতের প্রতিটি বাড়িতে পর্যাপ্ত পরিমাণে কলের জল পৌঁছে দেওয়া।

❑ বিমান বিশ্লেষণী সংস্থা 'ওএজি'র (সদরদপ্তর যুক্তরাজ্যে অবস্থিত) তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, আসন ক্ষমতা আর দেশীয় ও আন্তর্জাতিক বিমানের ফ্রিকোয়েন্সি অনুসারে, ২০২২ সালের অক্টোবরে বিশ্বের ১০ তম ব্যস্ততম বিমানবন্দরের তকমা পেল দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'। ওএজি'র তথ্য অনুসারে, দিল্লি বিমানবন্দরের মোট আসন সংখ্যা ৩৪,১৩,৮৫৫। এই রিপোর্ট অনুযায়ী, অক্টোবরে ৪৭,৪৭,৩৬৭ আসন সংখ্যা নিয়ে এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছে জর্জিয়ার 'হার্টসফিল্ড-জ্যাকসন আটলান্টা আন্তর্জাতিক বিমানবন্দর'। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে 'দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর' (আসন সংখ্যা ৪১,২৭,৭০৪) ও 'টোকিও আন্তর্জাতিক বিমানবন্দর' (আসন সংখ্যা ৩৮,৭৭,১৬৪)।

**২৭ অক্টোবর :** 'স্যামসাং ইলেক্ট্রনিক্স'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন লে জায়ে ইয়ং।

❑ কুকুরের কামড় ও হামলার ঘটনা রুখতে, গৃহপালিত কুকুরদের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করল হরিয়ানা সরকার। এখন থেকে লাইসেন্স ছাড়া রাজ্যের কোনো জনগণকে কুকুর পুষতে দেওয়া হবে না। এ জন্য গৃহপালিত কুকুরদের মালিকরা 'সরল পোর্টাল'এ গিয়ে রেজিস্ট্রেশন করাতে পারবেন। কোনো ব্যক্তি এই নিয়ম লঙ্ঘন করলে তাঁকে ৫,০০০ টাকা জরিমানা করা হবে। এছাড়াও, এই নতুন নিয়মে আরও বলা হয়েছে, কুকুরের মালিককে শুধুমাত্র একটি কুকুর পোষার অনুমতি দেওয়া হবে।

❑ প্রথম দেশীয় 'ওভারহাউজার ম্যাগনেটোমিটার' তৈরি করলেন ভারতীয় বিজ্ঞানীরা, যা বিশ্বের সব চৌম্বকীয় মানমন্দিরে ব্যাপকভাবে ব্যবহৃত সবথেকে সঠিক ম্যাগনেটোমিটারগুলির মধ্যে একটি। এটি 'আলিবাগ ম্যাগনেটিক অবজার্ভেটরি'তে স্থাপন করা হয়েছে, যা ভূ-চৌম্বকীয় ক্ষেত্রের পরিমাপ করার জন্য বাণিজ্যিক ওভারহাউজার ম্যাগনেটোমিটারের ওপর ভারতের নির্ভরতা কমাতে পারে। কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীনে থাকা একটি স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ জিওম্যাগনেটিজম' এই ম্যাগনেটোমিটারটি তৈরি করেছে।

❑ বিশ্বে প্রথম মুখ দিয়ে নেওয়ার করোনা টিকা চালু করল চিন। এদিন দেশটির বাণিজ্য নগরী সাংহাইতে শুরু হয়েছে এই টিকাকরণ কর্মসূচি। যাঁরা এর আগেই ২টি টিকা নিয়েছেন, প্রথম পর্যায়ে তাঁদের 'বুস্টার' হিসাবে মুখে নেওয়ার টিকা দেওয়া হচ্ছে বিনামূল্যে। তবে, পরে প্রাথমিক ধাপের টিকাকরণের জন্যও তা চালু হতে পারে বলে মনে করা হচ্ছে। একজন ব্যক্তিকে এই টিকা দিতে সর্বোচ্চ ২০ সেকেন্ড সময় লাগে। ফলে দ্রুততার সঙ্গে এই টিকাকরণ সম্ভব উন্নয়নশীল দেশগুলিতে দ্রুত টিকাকরণের ক্ষেত্রে এই পদ্ধতি কার্যকরী হবে বলে মনে করা হচ্ছে।

❑ সংযুক্ত আরব আমিরশাহীর দুবাইয়ের 'স্টর্ম কোস্টার'কে বিশ্বের দ্রুততম ভার্টিক্যাল-লঞ্চ রোলারকোস্টার হিসাবে নামকরণ করল 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'। এই রোলারকোস্টারটি দুবাইয়ের 'দুবাই হিলস মল'এ অবস্থিত। এই 'স্টর্ম কোস্টার'এর ভার্টিক্যাল লঞ্চের গতি প্রতি ঘণ্টায় ৪১ কিলোমিটার। ২০২২ সালের ১৭ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে চালু হয়েছিল এই রোলারকোস্টার।

☞ এরপর আগামী সপ্তাহে

সংকলক : পল্লবী দেওয়ান

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারি চাকরির

■ প্রাইমারি 'টেট'এর ফর্ম পূরণ করতে গিয়ে ভুল হয়েছে বলে আরো একটি দরখাস্ত করেছি। কোনো অসুবিধা হবে কি? — অর্পিতা পাল, মহুলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ না, বাতিল হবেনা। প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে, ভুল হলে সংশোধন করার কোনো উপায় নেই। তবে নতুন করে দরখাস্ত করতে পারবেন। যে দরখাস্তে ভুল হয়েছে, তার পরীক্ষার ফী'র টাকা ফেরৎ পাবেন না।

■ প্রাইমারি 'টেট'এর ফর্ম পূরণ করতে গিয়ে ব্যাচেলর অফ ফিজিক্যাল এডুকেশনের জায়গায় ব্যাচেলর অফ এডুকেশন লিখেছি। এজন্য দরখাস্ত বাতিল হবে কি? ফর্ম সংশোধনের সময় কবে দেবে? — সুমন বিশ্বাস, বেথুয়াডহরী, নদিয়া।

■■ এ ধরনের ভুলের জন্য দরখাস্ত বাতিল হতে পারে। তবে ফর্ম সংশোধন করার কোনো অপশন এবার প্রাথমিক শিক্ষা পর্ষদ দেবে না।

■ ২০১৪ সালে 'টেট' পাশ করেছি। এখন ২০২১-২০২৩ সেশনে ডি.এড. করছি। 'টেট' সার্টিফিকেট তুলতে পারব কি? — সঞ্চয়িতা ঘোষ, নীমা, উত্তর ২৪ পরগনা।

■■ 'টেট' সার্টিফিকেট দেওয়া হলে তুলতে পারবেন।

■ ২০১৪ সালে প্রাইমারি 'টেট' পাশ করেছি। ২০২১ সালে প্রাইমারি টিচার পদে চাকরি পেয়েছি। এবার প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারব কি? — স্বপ্না পুরকাইত, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।

■■ হ্যাঁ, দরখাস্ত করতে পারবেন।

■ প্রাইমারি 'টেট'এর জন্য দরখাস্ত করেছি। দরখাস্তে ভুল হয়েছে। সংশোধন করার সুযোগ দেওয়া হয়েছে কি? — অনন্ত দাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ প্রাথমিক শিক্ষা পর্ষদ ৫ ও ৬ নভেম্বর ফর্ম এডিট করার সুযোগ দিয়েছিল।

■ প্রাইমারি 'টেট'এর ফর্ম পূরণের সময় উচ্চমাধ্যমিকের নম্বরে ভুল লিখেছি। পরে এডিট করতে গিয়ে আর সংশোধন করা যাচ্ছে না। এজন্য পরে অসুবিধা হবে কি? — হেমাল টুডু, বহড়াডাঙ্গা, রাইপুর, বাঁকুড়া।

■■ এজন্য পরীক্ষা দিতে অসুবিধা হবে না। তবে সফল হলে ভেরিফিকেশনের সময় অসুবিধা হতে পারে।

■ প্রাইমারি 'টেট'এ এবছর কত দরখাস্ত জমা পড়েছে। পরীক্ষা কি ১১ ডিসেম্বর-ই হবে? — অজয় মুখার্জী, বিড়া, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ এবছর প্রাইমারি 'টেট'এ দরখাস্ত জমা পড়েছে ৬ লাখ ৯০ হাজার প্রার্থী। পরীক্ষা যথারীতি ১১ ডিসেম্বরই হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| আই.টি.বি.পি.-তে হেড কনস্টেবল | গ্র্যাজুয়েট | ২৩ | ১১-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| এন.টি.পি.সি.তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ৫০ | ১১-১১-২২ | www.careers.ntpc.co.in |
| আই.টি.বি.পি.-তে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৪০ | ১৭-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| এয়ারপোর্ট অথরিটিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা | ৩২ | ১০-১১-২২ | www.aai.aero |
| আই.টি.বি.পি.-তে ফার্মাসিস্ট | উচ্চমাধ্যমিক ও ফার্মাসি | ২৪ | ২৩-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| বি.এস.এফ.-এ অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ৮ | ২০-১১-২২ | https://rectt.bsf.gov.in |
| দিল্লি সাব-অর্ডিনেটে শিক্ষক, ইন্সপেক্টর, স্টোরকীপার | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৬৩২ | ১৮-১১-২২ | http://dsssbonline.nic.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩২ | ১০-১১-২২ | http://apprenticeshipindia.gov.in |
| ন্যাভাল শিপ রিপেয়ারে ট্রেড অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১৮০ | ২০-১১-২২ | www.apprenticeshipindia.org |
| কেন্দ্রীয় স্কুলে শিক্ষক হওয়ার জন্য 'সি-টেট'এর দরখাস্ত নেওয়া শুরু | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | ২৪-১১-২২ | www.ctet.nic.in |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল ও হেড কনস্টেবল | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৮৬ | ২৭-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| পারমাণবিক শক্তি দফতরে সিকিউরিটি অফিসার ও গার্ড | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৩১২ | ১৭-১১-২২ | www.amd.gov.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাটেন্ড্যান্ট, ফায়ারম্যান, স্টেনোগ্রাফার | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | ১০৬১ | ৭-১২-২২ | www.drdo.org |
| ইন্টেলিজেন্স ব্যুরোয় অ্যাসিস্ট্যান্ট, এম.টি.এস. | মাধ্যমিক | ১৬৭১ | ২৫-১১-২২ | www.mha.gov.in |
| ফার্টিলাইজার ও কেমিক্যাল ত্রাভাঙ্কোরে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ৪৫ | ১৬-১১-২২ | www.fact.co.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে আট বাহিনীতে কনস্টেবল | মাধ্যমিক, পাশ | ২৪৩৬৯ | ৩০-১১-২২ | www.ssconline.nic.in |

## পি.এস.সি.'র

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস সম্পর্কে জানতে চাই। ২০২৩ সালের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রণয় গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।

■■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। প্রার্থী বাছাই হয় ৩টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়। সফল হলে মেন পরীক্ষা হয়। তারপর ইন্টারভিউ হয়।

**প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস :** লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর পেলে কোয়ালিফাইং করতে পারবেন।

**মেন পরীক্ষার সিলেবাস :** 'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১,২০০ নম্বরের পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-I (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ-II (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হয় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

**অপশনাল পেপার :** এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না।

**পার্সোন্যালিটি টেস্ট :** এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন হয় বাংলা ও ইংরিজি দু'টি ভাষাতেই। মেন পরীক্ষায় বাংলা বাদে সব বিষয়ের প্রশ্ন ইংরিজিতে হয়। অপশনাল পেপারের উত্তর বাংলাতেও লিখতে পারবেন।

■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? — তন্দ্রা ব্যানার্জী, নোনাচন্দনপুকুর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।

■■ ফল এ মাসেই বেরোবে।

■ অঙ্গনওয়াড়ি সুপারভাইজর পদের প্রোমোশন ভিত্তিতে শূন্যপদ পূরণের যে পরীক্ষা হয়েছিল, তার ফল কবে বেরোবে? — মিতালি বিশ্বাস, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।

■■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের ইন্টারভিউ এখনো শেষ হয়নি। এঁদের ইন্টারভিউ শেষ হলে তবেই প্রোমোশন আই.সি.ডি.এস. কর্মীদের ফল বেরোবে।

## পশ্চিমবঙ্গ পুলিশে

■ পশ্চিমবঙ্গ পুলিশে কত শূন্যপদ আছে? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রদীপ দত্ত, পাঁচাল, শিবতলা, বাঁকুড়া।

■■ পশ্চিমবঙ্গ পুলিশে প্রতি বছরই শূন্যপদ তৈরি হয়। আর প্রতি বছরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হয়। এবারও শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হবে। তবে এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা কম।

■ কলকাতা পুলিশে কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? — শুভ দাস, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।

■■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা ৩০ অক্টোবর হওয়ার কথা ছিল। কিন্তু ছট পুজোর জন্য ওইদিন পরীক্ষা হয়নি। নতুন তারিখ এখনো ঠিক হয়নি।

■ পুলিশ কনস্টেবলের পরীক্ষা এবছর কবে হবে? ছেলেমেয়েদের বয়স ও উচ্চতা কত থাকতে হবে? — পিন্টু মান্না, কামদেবপুর, ঠাকুরবাড়ি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ পুলিশ কনস্টেবল বলতে রাজ্য পুলিশ না কলকাতা পুলিশ জানতে চাইছেন, তা লেখেননি। যাই হোক, কলকাতা পুলিশের কনস্টেবল পদে দরখাস্ত নেওয়া হয়েছে কয়েক মাস আগে। এবছরই নভেম্বর-ডিসেম্বরে পরীক্ষা হবে। রাজ্য পুলিশের কনস্টেবল পদের নতুন বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে।

যোগ্যতা - মাধ্যমিক পাশ। বয়স : ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ছেলেদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন অন্তত ৪৯ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন দরকার অন্তত ৪৫ কেজি।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের ২০২০ সালের মেরিট লিস্ট কবে বেরোবে? — রাফিজুল খান, কুচাইডাঙ্গা, হোগলবাড়িয়া, নদিয়া। প্রদীপ চৌধুরী, শিবগ্রাম, মল্লারপুর, বীরভূম।

■■ এবছরই চূড়ান্ত ফল বেরোবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের লিখিত মেন পরীক্ষা দিয়েছি। ফল এবছর বেরোবে? — হেমাল টুডু, রাইপুর, বাঁকুড়া। প্রিতম মুন্সি, আমতা, হাওড়া।

■■ এবছরই লিখিত মেন পরীক্ষার ফল বেরোবে।

## স্কুল সার্ভিসের

■ ডিগ্রি কোর্স পাশ করার পর ডিস্ট্যান্সে পোস্ট-গ্র্যাজুয়েট করলে আর সেইসঙ্গে বি.এড. কোর্স করলে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের জন্য যোগ্য কি? — শুভদীপ দত্ত, পারিজাতপুর, পশ্চিম মেদিনীপুর।

■■ হ্যাঁ, যোগ্য।

■ ২০১০ সালে ইতিহাসে অনার্স করেছি। ২০১২ সালে বি.এড. করেছি। বর্তমানে ২০১৯-'২২ সেশনে আবার ইংরিজিতে অনার্স করেছি। ইংরিজি বিষয়ে স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারব — মাধব রায়।

■■ হ্যাঁ, পারবেন।

■ বি.এসসি. জেনারেল কোর্স পাশ করার পর ইগনু থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ করে এম.সি.এ. করেছি। কর্মশিক্ষা বিষয়ের জন্য দরখাস্ত করতে পারব? বি.এড. করা নেই? — আকাশ দেবনাথ, দেবিনগর, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

■ এস.এল.এস.টি.'র বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পরীক্ষার সিলেবাস কেমন হবে? — হালোবলো দাস, রমেন্দ্রপল্লী, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। অর্চনা মুখার্জী, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ বিজ্ঞপ্তি ডিসেম্বরের মধ্যেই বেরোনোর সম্ভাবনা। নিয়োগ বিধিতে এবার বদল হচ্ছে। পরীক্ষা পদ্ধতিতেও বদল হবে। প্রথমে প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। তারপর মেন পরীক্ষা। খুব শিগগিরই স্কুল সার্ভিস কমিশন নতুন নিয়োগবিধি প্রকাশ করবে।

■ এম.সি.এ. কোর্স পাশ করেছি। বি.এড. ছাড়া স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারব কি? — দেবব্রত দাস, আরামবাগ বিবেকানন্দপল্লী, হুগলি।

■■ স্কুল সার্ভিসের শারীরশিক্ষা বিষয়ের জন্য পরীক্ষা দিতে পারবেন।

## নতুন সিলেবাস অনুযায়ী

# প্রাইমারি টেট



প্রাইমারি স্কুলে চাকরির জন্য পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের ২০২২ সালের 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট' বা 'TET' হবে ১১ ডিসেম্বর, রবিবার। সারা রাজ্যে একই দিনে। ১৫০ নম্বরের টেস্টে থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, নতুন সিলেবাস অনুযায়ী তেমনই ১৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন 'টেট'এর বিশেষজ্ঞ শিক্ষক অর্ধেন্দু মুখার্জী।

## CHILD DEVELOPMENT AND PEDAGOGY

1. 'Cognition' শব্দটির উৎপত্তি হল —
(a) cognosere (b) cognoscere (c) cognocear (d) cognoscare

2. নীচের কোনটি মূর্ত ধারণার উদাহরণ?
(a) স্বপ্ন (b) ছবি, চার্ট ও মডেল (c) চিন্তন (d) কল্পনা

3. সক্রিয় অনুবর্তন তত্ত্বের সাংগঠনিক রূপ কোনটি?
(a) $S_1 \rightarrow R_2$ (b) $S_1 \rightarrow R_1 \rightarrow S_2 \rightarrow R_2$
$S_2 \rightarrow R_2$
(c) $S_1 \rightarrow R_1$ (d) $S_1 \rightarrow R_2 \rightarrow S_2 \rightarrow R_1$
$S_2 \rightarrow R_2$

4. শিখন পরিস্থিতি বা, সমস্যাকে সামগ্রিকভাবে প্রত্যক্ষ করে, অন্তর্দৃষ্টির মাধ্যমে কোন শিখন সম্পন্ন হয়?
(a) সংযোজনবাদ (b) গেস্টাল্টবাদ (c) নির্মিতিবাদ (d) অনুবর্তন

5. ফ্রয়েডের মৌখিক অধ্যায়'এর বয়সকাল কোনটি?
(a) জন্ম থেকে এক বছর (b) দুই থেকে তিন বছর (c) তিন থেকে চার বছর (d) চার থেকে পাঁচ বছর

6. নীচের কোন উপাদানটি লিঙ্গগত বিকাশের সঙ্গে যুক্ত?
(a) রাগ (b) ভয় (c) লিবিডো (d) বৃদ্ধি

7. স্বকীয় ও অন্তর্জাত বৃদ্ধিকে কী বলা হয়?
(a) বিকাশ (b) উপযোজন (c) পরিণমন (d) সংরক্ষণ

8. বিকাশ মস্তিষ্ক সঞ্চালন থেকে শুরু হয় বলে তাকে কী বলা হয়?
(a) সেফালোকডাল প্রবণতা (b) প্রক্সিমোডিস্টাল প্রবণতা (c) পরিণমন (d) সেরিবেলাম

9. আনবিক শিক্ষণ অনুশীলনের জন্য কত সময় রাখা হয়?
(a) চার মিনিট (b) পাঁচ মিনিট (c) ছয় মিনিট (d) সাত মিনিট

10. '5E' মডেলটি কোন তত্ত্বের সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) প্রজ্ঞামূলক তত্ত্ব (b) নির্মিতিবাদ তত্ত্ব (c) নৈতিক বিকাশ তত্ত্ব (d) প্রেষণা তত্ত্ব

11. 'Micro Teaching' বাস্তবায়িত করার জন্য কয়টি স্তর রয়েছে?
(a) 7টি (b) 8টি (c) 6টি (d) 9টি

12. শিক্ষক মহাশয় প্রথমে একটি কাজ শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করবেন ও শিক্ষার্থীরা তা পর্যবেক্ষণ করবে, পরবর্তীকালে শিক্ষক মহাশয় শিক্ষার্থীদের সেই কাজটি করতে বলবেন — এটির সঙ্গে নীচের কোন পদ্ধতিটি সম্পর্কযুক্ত?
(a) বক্তৃতা পদ্ধতি (b) প্রতিপাদন পদ্ধতি (c) আলোচনা পদ্ধতি (d) প্রকল্প পদ্ধতি

13. 'Heuristic' কথাটি এসেছে 'Heurises' থেকে। এটি কোন শব্দ?
(a) ল্যাটিন শব্দ (b) আরবি শব্দ (c) ফরাসি শব্দ (d) গ্রিক শব্দ

14. কোন অভীক্ষাটিতে পারদর্শিতা যাচাই ও গঠনধর্মী উভয়ই কার্যকরী?
(a) নির্ণায়ক অভীক্ষা (b) ব্যবহারিক অভীক্ষা (c) একক অভীক্ষা (d) পারদর্শিতার অভীক্ষা

15. যখন কৃত্রিম উদ্দীপক স্বাভাবিক প্রতিক্রিয়া ঘটাতে সমর্থ হচ্ছে, তখন সেই ঘটনাটিকে কী বলা হয়?
(a) সংযোজন (b) অনুবর্তন (c) অপানুবর্তন (d) অনদৃষ্টি

16. নীচের কোনটি বাচনিক ব্যক্তিগত অভীক্ষার অন্তর্গত নয়?
(a) বিনেট স্কেল (b) আলেকজাণ্ডার পাশ অ্যালং অভীক্ষা (c) S.B. Test (d) Army Individual Test of General Mental Adaptabilit

17. গেস্টাল্ট তত্ত্বটি শিখনের কোন তত্ত্বের অন্তর্গত?
(a) সংযোগমূলক তত্ত্ব (b) আচরণমূলক তত্ত্ব (c) সমগ্রতাবাদ তত্ত্ব (d) মানবতার তত্ত্ব

18. কোনো স্বাভাবিক প্রতিক্রিয়া কৃত্রিম উদ্দীপকে অনুবর্তিত হওয়ার পর বিভিন্ন কারণে ওই অনুবর্তন লোপ পেতে পারে, অনুবর্তন লোপের ঘটনাটিকে কী বলা হয়?
(a) অনুবর্তিত প্রতিব ় ক্রিয়া (b) অনুবর্তন (c) অপানুবর্তন (d) স্বাভাবিক প্রতিক্রিয়া

19. শিক্ষার্থীদের মধ্যে ় মলের প্রবণতা আছে, পুরস্কার পেলে সে সব কাজেই ভালো ' দর্শন করে। এটি শিখনের কোন তত্ত্বের ব্যবহারিক প্রয়োগ?
(a) প্যাভলভের প্রাচীন অনুবর্তন (b) গেস্টাল্ট তত্ত্ব (c) স্কিনারের সক্রিয় অনুবর্তন তত্ত্ব (d) থর্নডাইকের প্রচেষ্টা ও ভুল তত্ত্ব

20. বুদ্ধির 'Sampling Theory'এর প্রবক্তা কে?
(a) স্টার্ন (b) গার্ডনার (c) থার্স্টোন (d) থমসন

21. নীচের কোনটি স্পিয়ারম্যানের দ্বি-উপাদন তত্ত্বের 'বিশেষ শক্তি' (S) বৈশিষ্ট্য নয়?
(a) এগুলি প্রধানত অর্জিত (b) ব্যক্তির প্রতিটি কাজে আলাদা আলাদা বিশেষ শক্তির প্রয়োজন (c) বিশেষ শক্তির ক্ষেত্রেও ব্যক্তিগত পার্থক্য বর্তমান থাকে না (d) একই ব্যক্তির একাধিক বিশেষ শক্তি থাকে

22. থার্স্টোন স্মৃতি বা, সংরক্ষণের ক্ষমতাকে কোন চিহ্ন দিয়ে প্রকাশ করা হয়?
(a) S (b) V (c) M (d) R

23. নীচের কোনটি গিলফোর্ডের প্রক্রিয়ার মাত্রা নয়?
(a) প্রজ্ঞা (b) কেন্দ্রপ্রসারী চিন্তন (c) স্মৃতি (d) পরিবর্তনশীলতা

24. চিকিৎসক, মনোবিজ্ঞানী ও সেলসম্যানের মধ্যে গার্ডনারের কোন ধরনের বুদ্ধি দেখতে পাওয়া যায়?
(a) স্থানিক বুদ্ধি (b) আন্তর্ব্যক্তি বুদ্ধি (c) অন্তব্যক্তি বুদ্ধি (d) গণিত ও যুক্তিমূলক বুদ্ধি

25. রেটিং স্কেলের ক্ষেত্রে নীচের কোনটি সঠিক নয়?
(a) শিক্ষার্থীর বাহ্যিকভাবে প্রকাশ্য বৈশিষ্ট্যগুলি প্রকাশ করা যায় (b) এই ধরনের ধারণা পরিমাপ করা হয় বিশেষ গুণ ও বৈশিষ্ট্য পরিমাপের মাধ্যমে (c) সামাজিকতা, মূল্যবোধ প্রভৃতি পরিমাপ করা হয় (d) পরীক্ষকের প্রভাব খুবই নগণ্য

26. সমষ্টিমূলক মূল্যায়ন বা Summative Evaluation-এর ক্ষেত্রে কোনটি সঠিক নয়?
(a) এটি কোর্স শেষে করা হয় (b) এর মাধ্যমে Grade দেওয়া হয় (c) রেটিং স্কেল, চেকলিস্ট ব্যবহার করা হয় (d) অর্জিত শিখন সামর্থ্যের সামগ্রিক অবস্থান নির্ণয় করবে।

27. নীচের কোনটি Benjamin Bloom-এর ত্রিমাত্রিক মূল্যায়নের অন্তর্গত নয়?
(a) শিক্ষার লক্ষ্য (b) মূল্যায়ন বিচারবারণ (c) শিখন অভিজ্ঞতা (d) মূল্যায়ন পদ্ধতি

28. থর্নডাইকের গৌণ সূত্রের সংখ্যা ক'টি?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6

29. প্রশিক্ষণযোগ্য মানসিক প্রতিবন্ধীদের (TMR) বুদ্ধ্যঙ্কের মাত্রা কত?
(a) 25 – 44 (b) 45–75 (c) 30–40 (d) 25-এর কম

30. 'অক্টেভ ব্যান্ড' (Octave Band) কী পরিমাপ করে?
(a) বধিরত্ব (b) অন্ধত্ব (c) বিকলাঙ্গ (d) মানসিক প্রতিবন্ধী

## BENGALI

দেখিলাম কাগজের উপর একটি ছোটো হাতের ছাপ। ফোটোগ্রাফ নহে, তেলের ছবি নহে, হাতে খানিকটা ভুসা মাখাইয়া কাগজের উপরে তাহার চিহ্ন ধরিয়া লইয়াছে। কন্যার এই স্মরণচিহ্নটুকু বুকের কাছে লইয়া রহমত প্রতি বৎসর কলিকাতার রাস্তায় মেওয়া বেচিতে আসে — যেন সেই সুকোমল ক্ষুদ্র শিশু হস্তটুকুর স্পর্শখানি তাহার বিরাট বিরহী বক্ষের মধ্যে সুধা সঞ্চার করিয়া রাখে।

দেখিয়া আমার চোখ ছল ছল করিয়া আসিল। তখন সে একজন কাবুলি মেওয়াওয়ালা আর আমি যে একজন বাঙালি সম্ভ্রান্তবংশীয়, তাহা ভুলিয়া গেলাম। তখন বুঝিতে পারিলাম সেও যে আমিও সে, সেও পিতা আমিও পিতা। তাহার পর্বতগৃহবাসিনী ক্ষুদ্র পার্বতীর সেই হস্তচিহ্ন আমারই মিনিকে স্মরণ করাইয়া দিল।

31. ওপরের গল্পাংশটি কোন গল্পের অন্তর্গত?
(a) কাবুলিওয়ালা (b) দীনু রক্ষিত (c) বঙ্কুবাবুর বন্ধু (d) কোনোটিই নয়

32. গল্পাংশের লেখক কে?
(a) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) মানিক বন্দ্যোপাধ্যায়

33. কাগজের ওপর কী ছিল?
(a) ভুসা মাখানো (b) ছোটো হাতের ছাপ (c) ফোটোগ্রাফ (d) তেলের ছবি

34. ছাপটি কীভাবে নেওয়া হয়েছিল?
(a) তেল মাখিয়ে (b) ভুসা মাখিয়ে (c) ছবি তুলে (d) কোনোটিই নয়

35. রহমত কে?
(a) কাবুলি মেওয়াওয়ালা (b) একজন কাজের লোক (c) দুর্বৃত্ত (d) কোনোটিই নয়

36. 'স্মরণচিহ্ন'এর সমার্থক শব্দ কোনটি?
(a) স্মৃতিচিহ্ন (b) বিস্মরণ (c) শহীদচিহ্ন (d) কোনোটিই নয়

37. মেওয়া এক ধরনের কী?
(a) খেলনা (b) আচার (c) শুকনো ফল (d) কিসমিস

38. 'বিরহী বক্ষ' — এখানে 'বিরহী' বলতে কীসের বিরহ বোঝানো হয়েছে?
(a) মেয়ের বিরহ (b) স্ত্রীর বিরহ (c) পরিবার পরিজনের বিরহ (d) কোনোটিই নয়

39. 'ছলছল করা'র অর্থ কী?
(a) চিক চিক করা (b) জলপূর্ণ হওয়া (c) লাল হয়ে যাওয়া (d) কোনোটিই নয়

40. রহমত ও মিনির বাবা আলাদা সত্ত্বা নয় — এ'রকম উপলব্ধির কারণ কী?
(a) উভয়েই পিতা (b) উভয়েই মানুষ (c) উভয়েই মেয়েকে ভালোবাসে (d) কোনোটিই নয়

41. এখানে 'ক্ষুদ্র পার্বতী' কে?
(a) মিনি (b) রহমতের মেয়ে (c) পর্বতের কন্যা (d) কোনোটিই নয়

42. "দেখিয়া আমার চোখ ছল ছল করিয়া আসিল" — কারক নির্ণয় করুন।
(a) কর্ম কারক (b) কর্তৃ কারক (c) করণ কারক (d) অধিকরণ কারক

43. স্পর্শ থেকে পরশ — ব্যাকরণের কোন নীতি মেনে হতে পারে?
(a) অপিনিহিতি (b) স্বরসংগতি (c) বিপ্রকর্ষ (d) কোনোটিই নয়

44. 'সম্ভ্রান্ত' সন্ধি বিচ্ছেদ করুন।
(a) সম্ + ভ্রান্ত (b) সঃ + ভ্রান্ত (c) সমঃ + ভ্রান্ত (d) কোনোটিই নয়

45. 'পর্বত গৃহবাসিনী'র সমস্যমান পদ কোনটি?
(a) পর্বত গৃহে বাস করেন যিনি (b) পর্বত দিয়ে তৈরি গৃহের বাসিনী (c) পর্বতের গৃহ ও অধিবাসিনী (d) কোনোটিই নয়

46. একটি শিশু কীভাবে মাতৃভাষা শেখে?
(a) লেখার মধ্য দিয়ে (b) একটি প্রথাগত শিক্ষা পদ্ধতিতে (c) শোনার মধ্য দিয়ে (d) বলার মধ্য দিয়ে

47. কোন ভাষা আনুষ্ঠানিক পদ্ধতিতে শিক্ষকের সাহায্যে শেখা হয়?
(a) মাতৃভাষা (b) ঘরের ভাষা (c) প্রথম ভাষা (d) দ্বিতীয় ভাষা

48. পড়ার অসুস্থতাকে কী বলে?
(a) ডিসক্যালকুলিয়া (b) ডিসফোনিয়া (c) ডিসলেক্সিয়া (d) ডিসগ্রাফিয়া

49. সরব পাঠের মাধ্যমে শিখন হলে —
(a) অনুভূতিমূলক প্রক্রিয়াগুলি ক্রিয়াশীল হয় (b) দক্ষতামূলক প্রক্রিয়াগুলি ক্রিয়াশীল হয় (c) মানসিক ও দৈহিক প্রক্রিয়াগুলি প্রকট হয় (d) মানসিক ও দৈহিক প্রক্রিয়াগুলি প্রচ্ছন্ন থাকে

50. রবীন্দ্রনাথ ঠাকুরের 'পুরাতন ভৃত্য' কবিতাটি পঠনের ফলে কোন শিক্ষানীতি প্রয়োজন?
(a) কবিতাটিতে যে অলংকার রয়েছে তা বোঝানো (b) 'তুলনা

টেটের নতুন
সিলেবাস ধরে
মডেল প্রশ্নোত্তর
(ব্যাখ্যা সহ)
পেতে আজই কিনুন
টেট স্পেশাল
Appointment & Career News
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

# প্রাইমারি টেট

পদ্ধতি' ব্যবহার করা যেতে পারে (c) সরব পাঠের ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন (d) স্বাদনা পাঠের ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন

51. ভাষার বুদ্ধির মানচিত্র'র অর্থ কী?

(a) একটি রোমাঞ্চকর ভ্রমণের জন্য পরিকল্পনা করা (b) ছাত্রদেরকে ঠিকভাবে বুঝতে, নতুন ধারণা তৈরি করতে ও সংযোগ গড়ে তুলতে দেওয়া (c) বুদ্ধির মানচিত্র রচনা করা (d) গল্প বা, কবিতায় যে অঞ্চলের কথা বলা হয়েছে তার মানচিত্র রচনা করা

52. ভাষা শেখার ক্ষেত্রে সামাজিক মেলামেশা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বার্তা নীচের কার সঙ্গে যুক্ত?

(a) ভাইগটস্কি (b) স্কিনার (c) চমস্কি (d) পিয়াগেট

53. LAD ও LAS-এর কথা কে বলেছেন?

(a) ভাইগটস্কি (b) স্কিনার (c) চমস্কি (d) পিয়াগেট

54. নীচের মধ্যে কোনটি দক্ষতা উদ্দেশ্যর সঙ্গে সম্পর্কযুক্ত নয়?

(a) পড়া (b) লেখা (c) শোনা (d) ভাষায় আগ্রহ

55. নীচের কোনটি সূক্ষ্ম শরীর সঞ্চালন দক্ষতার সঙ্গে সম্পর্কযুক্ত?

(a) শিখন (b) লিখন (c) পঠন (d) বলন

56. লেখা শেখার প্রথম ধাপ কোনটি?

(a) অবাধ লিখন (Free writing) (b) প্রাগ্রসর লিখন (Advanced writing) (c) নিয়ন্ত্রিত লিখন (Controlled writing) (d) প্রদর্শিত লিখন (Guided writing)

57. যা বলা হল, তা শিক্ষার্থীকে নিজের ভাষায় বলতে বলাকে কী বলা হয়?

(a) সমাহরণ (b) তথ্য পরিবেশন (c) সংক্ষেপীকরণ (d) পুনঃস্মরণ

58. নীচের কোনটি ভাষাকে সুসংহত ও ব্যঞ্জনাময় করতে বিশেষভাবে সাহায্য করে?

(a) সন্ধির জ্ঞান (b) সমাসের জ্ঞান (c) বাক্য বিশ্লেষণ (d) ছন্দবিধির জ্ঞান

59. Multimedia শব্দটির অর্থ কী?

(a) একমাত্রিক মাধ্যম (b) বহুমাত্রিক মাধ্যম (c) দ্বিমাত্রিক মাধ্যম (d) ত্রিমাত্রিক মাধ্যম

60. 'সংবাদপত্র পাঠ' কোন পাঠের অন্তর্গত?

(a) ধারণা পাঠ (b) চর্বনা পাঠ (c) স্বাদনা পাঠ (d) সমবেত পাঠ

## ENGLISH

**Read the passage below and answer the questions that follow :**

Primitive men did not know that by ploughing and sowing seeds and watering the soil they could expect to reap a harvest. When, however that fact did dawn on the human mind, it changed the entire way of life and laid the foundation of what we call civilisation.

Just how the tribal man landed on this tremendous discovery is not at all clear. Many guesses have been made, but they are all shots in the dark. It is very likely, however, that agriculture was a female discovery. While men of the tribe were away, the women would live on roots they dug up from the ground and on berries and fruits plucked from trees. It is they, therefore, who may have stumbled on the discovery that the seeds could be made to germinate. The peculiar thing is that long after the sowing of seeds and the harvesting of crops had started, the human mind was not quite sure of the connection between the two processes. All over the globe it was a common superstition that unless human blood was also poured on the soil, it would not yield a crop. So we had the horrible practice of human sacrifice at each seed-time, when one of the finest young men and women was slaughtered, and this institution lingered on for a long time.

61. 'Primitive' here means –

(a) primary (b) ancient (c) savage (d) illiterate

62. 'Harvest' here means –

(a) grains (b) grannary (c) barn (d) crop

63. What laid the foundation of civilisation?

(a) primitive men (b) reaping of harvest (c) discovery of agriculture (d) sowing of seeds

64. The verb form of 'blood' is –

(a) bloody (b) bleed (c) bloodless (d) bleeding

65. The common superstition was –

(a) only women could produce crops (b) human blood enriched the soil (c) animals must be sacrificed (d) soil must be worshipped

66. 'dawn on' is a phrasal verb which means –

(a) in the morning (b) throw away (c) think about (d) become clear

67. The idiom 'shot in the dark' means –

(a) shoot in darkness (b) wild guess (c) kill someone (d) avoid duty

68. 'made to germinate' is an example of –

(a) an auxiliary verb (b) a principal verb (c) a causative verb (d) a gerund

69. The noun form of 'horrible' is –

(a) horror (b) horrify (c) horrendous (d) hurry

The greatest enemy of mankind, as people have discovered, is not science but war. Science merely reflects the social forces by which it is surrounded. It is found that when there is peace, science is constructive, when there is war, science is perverted to destructive ends. The weapons which science has given us do not necessarily create war, these make war increasingly more terrible. Until now, it has brought us to the doorstep of doom. Our main problem, therefore, is not to civil Science, but to stop war to substitute law for force and international government for anarchy in the relations of one nation with another.

70. What is the greatest enemy of mankind?

(a) science (b) war (c) poison (d) corruption

71. At the time of peace, science is

(a) indifferent (b) constructive (c) destructive (d) none of these

72. According to the writer, what is the function of the weapons?

(a) to create war (b) these are used in war (c) these make war more terrible (d) none of these

73. What is the synonym of word 'anarchy'?

(a) political disorder (b) war (c) unrest (d) none of these

74. What is the noun form of 'substitute'?

(a) substruction (b) substitution (c) subversive (d) suppression

75. Here 'nation' means

(a) a state (b) a race (c) mankind (d) none of these

76. NCF proposes the evaluation system should be based on –

(a) Marks (b) Grades (c) Both marks and grades (d) none

77. The most important principle of CRC is –

(a) Right to participate (b) Right to organisation (c) Right to information (d) All of the above

78. An approach is

(a) general (b) specific (c) effect (d) cause

79. TBLT stands for –

(a) Task based Language Teaching (b) Temporary Based Language Teaching (c) Team Based Long Teaching (d) Task Based Long Teaching

80. Reading is —— Skill.

(a) receptive (b) productive (c) active (d) instruct

81. Which one is barrier to listening?

(a) noise (b) reading (c) writing (d) knowledge

82. The curriculum is based on experience and discovery. This principle is —

(a) Child centered (b) Teacher centered (c) Book centered (d) Play centered

83. The evaluation of students progress regularity that is called —

(a) continuous (b) comprehensive (c) Test (d) Examination

84. While using problem solving method the teacher should —

(a) participate actively in the process (b) encourage divergent thinking (c) ask the students to consult their parents (d) Look at the students activities from a distance

85. Abstract intelligence tests —

(a) verbal skills (b) manual dexterity (c) numerical ability (d) manipulation of symbols

86. Questions on comprehension test the learner's ability of —

(a) understanding (b) vocabulary (c) Speaking (d) Writing

87. The teacher makes use of prefixes and suffixes to teach

(a) word meaning (b) sentence formation (c) word formation (d) sentence meaning

88. Grammar should be taught —

(a) rules (b) structures (c) skills (d) phrases and sentences

89. Pedagogical Grammar is

(a) Grammar for teachers (b) Grammar in content to connect grammar points with real life content (c) Grammar with formal rules to be applied while writing (d) Grammar of pedagogy

90. Which one of the following is not as assessment tool for language learning?

(a) Observation schedule (b) Portfolio (c) Assignment (d) Real IQ

## ENVIRONMENTAL STUDY

91. 'Every Drop Counts' কীসের সঙ্গে সম্পর্কিত?

(a) যেকোনো তরল বিন্দু গণনা করা (b) জলবিন্দু গণনা (c) জীবনের জন্য জলের গুরুত্ব (d) বিন্দু বিন্দু জল গণনা করে খরচ করা

92. ঠোঁটের কোণে ঘা, কোন ভিটামিনের অভাব বলে আপনার মনে হয়?

(a) ভিটামিন $B_2$ (b) ভিটামিন D (c) ভিটামিন C (d) ভিটামিন K

93. সৌমেন নামের এক ছাত্র শ্রেণিকক্ষে একটি বিষয় নিয়ে বিস্মিত, যদি কলসপত্রী সালোকসংশ্লেষ করতে সক্ষম হয়, তাহলে এরা কেন পতঙ্গভুক হল?

(a) এরা মূলত পতঙ্গ থেকে জল সংগ্রহ করে, কারণ এরা যে মাটিতে হয় তাতে জল কম থাকে (b) এরা মূলত পতঙ্গ থেকে ফ্যাট সংগ্রহ করে (c) এরা পতঙ্গ থেকে হর্মোন সংগ্রহ করে (d) এরা যে মাটিতে হয়, তাতে নাইট্রোজেন কম থাকে, তাই পতঙ্গের প্রোটিন ভেঙে $N_2$ সংগ্রহ করে

94. তেঁতুলের মধ্যে কোন জৈব অম্ল বিদ্যমান?

(a) টারটারিক অ্যাসিড (b) ম্যালিক অ্যাসিড (c) অক্সালিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড

95. মিথোজীবী উদ্ভিদের একটি উদাহরণ দিন।

(a) সুবর্ণলতা (b) ব্যাঙের ছাতা (c) সুগশিশির (d) লাইকেন

96. মানুষের পাকস্থলীতে শিশু অবস্থায় দুগ্ধ পরিপাককারী কোন উৎসেচকটি পাওয়া যায়?

(a) রেনিন (b) পেপসিন (c) ট্রিপসিন (d) লাইপেজ

97. কোবাল্ট সমৃদ্ধ ভিটামিন কোনটি?

(a) ভিটামিন C (b) ভিটামিন $B_{12}$ (c) ভিটামিন E (d) ভিটামিন A

98. কোনটি পরিবর্তিত কাণ্ড?

(a) রাঙা আলু (b) গাজর (c) আলু (d) মুলো

99. অতি শীতল তাপমাত্রায় উদ্ভিদের পরাগরেণু ও বীজের সংরক্ষণকে কী বলা হয়?

(a) প্রাণ সংরক্ষণ (b) ইন-সিটু সংরক্ষণ (c) ক্রায়ো সংরক্ষণ (d) কোনোটিই নয়

100. যেসব প্রাণী লবণাক্ততার তারতম্য সহ্য করতে পারে না, তাদের কী বলা হয়?

(a) ইউরিহ্যালাইন (b) স্টেনোহ্যালাইন (c) ইউরিথার্মাল (d) স্টেনোথার্মাল

101. নীচের কোনটি বন্যজীবন সংরক্ষণের সঙ্গে সম্পর্কযুক্ত নয়?

(a) WWF (b) IBWL (c) IUCN (d) IVF

102. সূর্যগ্রহণের সময় সূর্যের কোন অংশটি আমরা দেখতে পাই?

(a) ক্রোমোস্ফিয়ার (b) ফোটোস্ফিয়ার (c) করোনা (d) কোনোটিই নয়

103. কোনো আলোক তড়িৎকোশে আলোক পড়লে কী নির্গত হয়?

(a) শক্তি (b) তড়িৎ (c) সালোকসংশ্লেষ (d) কোনোটিই নয়

104. 'ভোপাল গ্যাস দুর্ঘটনা' কত সালে ঘটেছিল?

(a) 1984 (b) 1986 (c) 1992 (d) 1998

105. ভারতের ভূমিকম্পের তীব্রতাবোধক অঞ্চল অনুযায়ী কলকাতা কোন অঞ্চলের অন্তর্গত?

(a) জোন-I (b) জোন -II (c) জোন -III (d) জোন -IV

106. মানবদেহে হাড়গুলি অস্থিসন্ধিতে কী দিয়ে লাগানো থাকে?

(a) লিগামেন্ট দিয়ে (b) টেনডন দিয়ে (c) চামড়া দিয়ে (d) পেশি দিয়ে

107. 'স্টেথোস্কোপ' কে আবিষ্কার করেন?

(a) ভন বাসচ (b) রেনে লিনেক (c) ডগলাস (d) উইলিয়াম কলফ

108. 'চ্যাসমোফাইট' কোথায় জন্মায়?

(a) পাথরের ওপর (b) বালির ওপর (c) পাথরের খাঁজে (d) কাদার ওপর

109. PVC-এর পুরো নাম কী?

(a) Polyvinyl Chloride (b) Pentavanadium Chloride (c) Phenylvinyl Chloride (d) কোনোটিই নয়

110. পরিবেশ বিষয়ক একটি আন্তর্জাতিক পত্রিকা কোনটি?

(a) Environment Impact Assesment (b) Environment Appraisal Committee (c) Environmental Ethics (d) Environmental Economics

111. মানব মস্তিষ্কের সর্ববৃহৎ অংশ কোনটি?

(a) সেরিবেলাম (b) সেরিব্রাম (c) পনস (d) থ্যালামাস

112. 'International Organization for Standardization (ISO)-এর মত অনুযায়ী First Aid Box-এর রং কী?

(a) লাল (b) হলুদ (c) সবুজ (d) কালো

113. প্রাপ্তবয়স্ক মানুষের দন্ত সংকেত কী?

(a) $I\frac{1}{1}, C\frac{2}{2}, PM\frac{2}{2}, M\frac{3}{3}$ (b) $I\frac{2}{2}, C\frac{1}{1}, PM\frac{2}{2}, M\frac{3}{3}$ (c) $I\frac{1}{1}, C\frac{3}{3}, PM\frac{2}{2}, M\frac{2}{2}$ (d) $I\frac{2}{2}, C\frac{1}{1}, PM\frac{3}{3}, M\frac{2}{2}$

# প্রাইমারি টেট

114. পরিবেশ শিক্ষার ক্লাসে ছাত্রছাত্রীদের আগ্রহ বজায় রাখার জন্য একজন শিক্ষকের কী করা উচিত?
(a) ব্ল্যাকবোর্ড ব্যবহার করা (b) আলোচনা করা (c) গল্প বলা (d) প্রশ্ন করা.

115. 'পরিবেশ শিক্ষা'য় ব্যবহৃত একটি সক্রিয়তাভিত্তিক উপকরণ কোনটি?
(a) চলচ্চিত্র (b) চরিত্রাভিনয়
(c) রেডিও (d) গ্লোব

116. পরিবেশ শিক্ষার সঙ্গে নীচের চারটি উপাদানের মধ্যে কোনটি একেবারেই সম্পর্কযুক্ত নয়?
(a) পরিণমন (b) সামর্থ্য
(c) প্রেষণা (d) অবদমন

117. 'পরিবেশের প্রয়োজন মেটানোর তাগিদে আমাদের মধ্যে যেসব আচরণগত পরিবর্তন ঘটে তাই হল শিখন' — এই মতামতটি কে প্রকাশ করেছেন?
(a) ওডাম (b) ট্রাম্পলে
(c) ট্রেভার্স (d) এইচ.পি.স্মিথ

118. CCE-এর সম্পূর্ণ নাম কী?
(a) Comprehensive Continuous Evaluation (b) Cluster Comprehensive Evaluation (c) Continuous and Comprehensive Evaluation (d) Completion Comprehensive Evaluation

119. আপনার শ্রেণিকক্ষে কোনো শিশু তার নিজের ব্যর্থতার দায় সবসময় অন্য কোনো শিশুর ওপর চাপিয়ে দেয়, সে কোন ধরণের প্রতিরক্ষণ কৌশল ব্যবহার করে?
(a) যৌক্তিকতা (b) প্রক্ষেপণ
(c) অবদমন (d) অনুকম্পন

120. একজন 'পরিবেশ শিক্ষা' বিষয়ের শিক্ষক বা, শিক্ষিকার জন্য নীচের কোন দক্ষতাটিকে আপনি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বলে মনে করেন?
(a) শ্রবণের দক্ষতা (b) বক্তৃতার দক্ষতা (c) পরিচালনার দক্ষতা (d) শিক্ষাদানের দক্ষতা

## MATHEMATICS

121. $\Delta ABC$-এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হল। $\angle ACD = 125^0$ ও $<B = \frac{2}{3}<A$ হলে $\angle BAC$-এর মান কত?
(a) $75^0$ (b) $105^0$ (c) $70^0$ (d) $100^0$

122. ABCD সামন্তরিকের $\angle BAD = 75^0$ ও $\angle CBD = 60^0$ হলে $\angle BDC$-এর মান কত?
(a) $60^0$ (b) $75^0$ (c) $45^0$ (d) $50^0$

123. দু'টি চোঙের ভূমির ব্যাসার্ধের অনুপাত 2 : 3 ও তাদের উচ্চতার অনুপাত 5 : 3. তাদের আয়তনের অনুপাত কত?
(a) 20 : 27 (b) 27 : 20
(c) 7 : 4 (d) 9 : 4

124. $2.1\overline{36} = ?$
(a) $\frac{47}{220}$ (b) $\frac{68}{495}$ (c) $2\frac{11}{27}$ (d) $2\frac{3}{22}$

125. দু'টি সংখ্যার গুণফল ও ভাগফল 128 ও 2 হলে, বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 8 (b) 10 (c) 12 (d) 16

126. $\sqrt{42+\sqrt{42+\sqrt{42+......\alpha}}}$ এর মান কত?
(a) 6, (b) 7 (c) 5 (d) 8

127. $108 \div 36$ of $\frac{1}{3}+\frac{2}{5}\times 3\frac{3}{4} = ?$
(a) $10\frac{1}{2}$ (b) $8\frac{3}{4}$ (c) $6\frac{1}{4}$ (d) $2\frac{1}{2}$

128. $\sqrt{0.04 \times 0.4 \times x} = 0.4 \times 0.04 \times \sqrt{y}$ হলে $\frac{x}{y}$-এর মান কত?
(a) 1 (b) 0.16 (c) 16 (d) 0.016

129. 8টি সংখ্যার গড় 21, যদি প্রত্যেক সংখ্যাকে 8 দিয়ে গুণ করা হয়, তবে নতুন গড় কত?
(a) 8, (b) 168 (c) 29 (d) 21

130. যদি A-এর 30% = B-এর 40% = C-এর 50% হয়, তবে A : B : C -এর মান কত?
(a) 20 : 9 : 10 (b) 20 : 15 : 12
(c) 7 : 9 : 10 (d) 7 : 12 : 15


131. একটি চাকার ব্যাসার্ধ 21 সেন্টিমিটার। চাকাটি 924 মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে?
(a) 650 (b) 7 (c) 700 (d) 750

132. একটি গোলকের ব্যাসার্ধ দ্বিগুণ করলে তার আয়তনের কী পরিবর্তন হবে?
(a) 2 গুণ (b) 4 গুণ (c) 8 গুণ (d) 16 গুণ

133. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সা মিলিয়ে মোট 570টি মুদ্রা আছে। তাদের মূল্যের অনুপাত 5 : 3 : 2 হলে 1 টাকা মুদ্রার সংখ্যা কত?
(a) 150 (b) 180 (c) 240 (d) 280

134. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4. ওই বাক্সে মোট 393 টাকা থাকলে মোট ক'টি মুদ্রা আছে?
(a) 1001 (b) 915 (c) 895 (d) 917

135.




| | X | Y | Z | | X | Y | Z |
|---|---|---|---|---|---|---|---|
| (a) | 32, | 48, | 80 | (b) | 30 | 48 | 80 |
| (c) | 32 | 46 | 80 | (d) | 32 | 48 | 82 |

136. বিদ্যালয়ের ভিতরে গণিত শিক্ষা দেওয়া যায়। এটি কোন পদ্ধতি?
(a) আবিষ্কার পদ্ধতি (b) সমস্যা সমাধান পদ্ধতি (c) উভয় পদ্ধতি (d) কোনোটিই নয়

137. 'Mathematics' কথাটি নীচের কোন শব্দ থেকে এসেছে?
(a) Mathein থেকে (b) Mathia থেকে (c) Mathasmas থেকে (d) Morthea থেকে

138. Roger Bacon বলেন —
(a) গণিত সব বিজ্ঞানের বাহির পথ (b) শিক্ষা গবেষণার উন্মুক্ত দ্বারই গণিত (c) গণিত সব বিজ্ঞানের প্রবেশদ্বার (d) মনোবিদ্যার অন্তরদ্বার

139. 'গণিত হল মানব সভ্যতার দর্পণ' — এই উক্তিটির প্রবক্তা কে?
(a) বেঞ্জামিন পিয়রস (b) লক্
(c) হগবেন (d) নেপোলিয়ন

140. নীচের কোনটি শিক্ষণ কৌশলের অন্তর্গত?
(a) ইন্টারভিউ (b) নোট তৈরি
(c) রিভিউ (d) সবক'টি

141. নীচের কোন কাজটি একজন গণিত শিক্ষক বা শিক্ষিকার সঙ্গে সম্পর্কযুক্ত নয়?
(a) পরিকল্পনা (b) আয়-ব্যয়
(c) শিক্ষণ (d) মূল্যায়ন

142. শিক্ষাবিদ জন ডিউই প্রবর্তিত শিক্ষা পদ্ধতির নাম কী?
(a) প্রদর্শন পদ্ধতি (b) প্রকল্প পদ্ধতি (c) সমস্যা সমাধান পদ্ধতি (d) অনুবন্ধ পদ্ধতি

143. গণিতের প্রকৃতি কী?
(a) যৌক্তিক (b) আলংকারিক
(c) জটিল (d) কোনোটিই নয়

144. শ্রেণিতে ছাত্রছাত্রীদের গণিত শেখাতে হবে কীভাবে?
(a) তাদের পছন্দ-অপছন্দের ভিত্তিতে (b) তাদের মানসিক বিকাশ অনুযায়ী (c) তাদের মানসিক উন্নতি অনুযায়ী (d) ওপরের সবক'টি

145. আধুনিক পাঠ্যক্রমের উল্লেখযোগ্য বৈশিষ্ট কী?
(a) পরিবর্তনশীলতা (b) সাম্প্রদায়িকতা (c) শিক্ষক কেন্দ্রিকতা (d) অভিভাবক কেন্দ্রিকতা

146. গণিত শিখনে কোন বিষয়টির গুরুত্ব নেই?
(a) আগ্রহ (b) মনোযোগ
(c) মুখস্থ (d) চর্চা

147. গণিতের প্রয়োজনীয় সূত্র মনে করতে পারা গণিতের কোন ধরনের শিখন?
(a) জ্ঞান (b) বোধ (c) প্রয়োগ (d) দক্ষতা

148. গণিত শিক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ শিক্ষা সহায়ক উপকরণ কোনটি?
(a) টেপ রেকর্ডার (b) ব্ল্যাকবোর্ড (c) টেলিভিশন (d) ভিডিও

149. ভগ্নাংশের ধারণা দিতে কোন উপকরণ ব্যবহার করা যেতে পারে?
(a) কাঠি (b) রং (c) ব্রেড (d) সবগুলি

150. গণিত শিক্ষার ক্ষেত্রে একজন শিক্ষক T.L.M ব্যবহার করলে —
(a) শিক্ষা প্রক্রিয়া সহজ হয় (b) শিখন সহজ হয় (c) উভয় (d) কোনোটিই নয়

## উত্তর

### CHILD DEVELOPMENT AND PEDAGOGY

1(b). 2(b). 3(b). 4(b). 5(a). 6(c). 7(c). 8(a). 9(b). 10(b). 11(c). 12(b). 13(d). 14(c). 15(b). 16(b). 17(c). 18(d). 19(c). 20(d). 21(c). 22(c). 23(d). 24(b). 25(d). 26(c). 27(b). 28(c). 29(a). 30(a).

### BENGALI

31(a). 32(c). 33(b). 34(b). 35(a). 36(a). 37(c). 38(a). 39(b). 40(a). 41(b). 42(a). 43(c). 44(a). 45(a). 46(c). 47(d). 48(c). 49(c). 50(b). 51(b). 52(a). 53(c). 54(d). 55(b). 56(a). 57(c). 58(b). 59(b). 60(a).

### ENGLISH

61(b). 62(d). 63(c). 64(b). 65(b). 66(d). 67(b). 68(c). 69(a). 70(b). 71(b). 72(c). 73(a). 74(b). 75(a). 76(b). 77(d). 78(a). 79(a). 80(a). 81(a). 82(a). 83(a). 84(b). 85(a). 86(d). 87(c). 88(c). 89(b). 90(b).

### ENVIRONMENTAL STUDY

91(c). 92(a). 93(d). 94(a). 95(d). 96(a), 97(b). 98(c). 99(c). 100(b). 101(d). 102(c). 103(b). 104(a). 105(c). 106(a). 107(b). 108(c). 109(a). 110(c). 111(b). 112(c). 113(b). 114(d). 115(b). 116(d). 117(c). 118(c). 119(b). 120(d).

### MATHEMATICS

121(a). 122(c). 123(a). 124(d). 125(d). 126(b). 127(a). 128(d). 129(b). 130(b). 131(d). 132(c). 133(a). 134(d). 135(a). 136(c). 137(a). 138(a). 139(c). 140(d). 141(b). 142(c). 143(a). 144(d). 145(a). 146(c). 147(a). 148(b). 149(d). 150(c).

## ২৩৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), টার্নার, মেশিনিস্ট, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেকানিক ডিজেল, মেকানিক মোটর ভেহিক্যাল, কার্পেন্টার, প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩০-১১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ফিটার ৮০টি, ইলেক্ট্রিশিয়ান ৮০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৪০টি, টার্নার / মেশিনিস্ট ১২, ইন্সট্রুমেন্ট মেকানিক ৫টি, মেকানিক ডিজেল / মেকানিক মোটর ভেহিক্যাল ১২টি, কার্পেন্টার ৫টি, প্লাম্বার ৫টি। মোট শূন্যপদের মধ্যে জাদুগুড়া ইউনিটে ১০৬টি, নরওয়াপাহাড ইউনিটে ৫২টি, তুরামদি ইউনিটে ৮১টি।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে। মনোনীত হলে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। তখন থাকা খাওয়া প্রার্থীর নিজের খরচে করতে হবে। মনোনীত হলে সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.uraniumcorp.in এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2022.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ নভেম্বরের মধ্যে। প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ড, প্যান কার্ড, ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

২০১২ সাল থেকে এখনো পর্যন্ত সর্বমোট ৩ বার টেট হয়েছে।
এই ৩ বছরের পরীক্ষার প্রশ্ন ও তার বিশ্লেষণ নিয়ে বেরোল





এছাড়াও পাবেন নতুন সিলেবাসে হওয়া
টেট-এর মডেল প্রশ্নপত্র ও তার পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

In association with

RICE EDUCATION | ricesmart

TOGETHER IN SUCCESS



# সরকারি চাকরি প্রার্থীদের জন্য সেরা স্কলারশিপ

সামনেই আছে TET, CGL, WBCS, BANKING ইত্যাদি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় নিজেকে প্রমাণ করে দেওয়ার সুযোগ। প্রস্তুতি শুরু করে দাও আজই।

**৫০% পর্যন্ত স্কলারশিপ**

RICE TALENT SCHOLARSHIP TEST

#SecureYourDream

রেজিস্টার করার শেষ তারিখ: ১৭ নভেম্বর, ২০২২

পরীক্ষার তারিখ: ১৯ ও ২০ নভেম্বর, ২০২২

আজই রেজিস্টার করো: www.ricesmart.in/rtst

তোমার স্কলারশিপ সুনিশ্চিত করতে কল করো বা যোগাযোগ করো নিকটতম RICE ব্রাঞ্চে। **62921 90230** ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 18013 / 84799 17959 | বেহালা 84799 17961
সোনারপুর 84799 17962 | হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576
দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577 | বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952 | মালদহ 84799 17953
মেদিনীপুর 84799 17954 | খড়গপুর 84799 17955 | তমলুক 84799 17957

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-6233. E-Mail : karmsang@gmail.com